Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুক্তির সন্ধানে

LIBRARY
No. 9/1261
1.4



চক্রাবতার ভগবান শ্রীনিম্বার্কাচার্য্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭|২৬১

SHREE SH... SANGHA
... VARANASI

শ্রীশ্রীমার (সুবর্ণ) জয়ন্তী
উপলক্ষে বিতরিত হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃপূজা গ্রন্থমালা—২

মুক্তির সন্ধানে

[শ্রীশ্রী ১০৮ স্বামী সন্তদাস বাবাজী মহারাজের সাধন সময়ের দিনলিপি এবং ব্রহ্মবাদী ঋষি ও ব্রহ্মবিদ্যা গ্রন্থের কিয়দংশ]

৭|২৬১

"যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ"
প্রকাশন্তে মহাত্মনঃ ॥

সংগ্রাহক

ব্রহ্মচারী গোপাল ভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক :
ব্রহ্মচারী গোপাল ভাই
সন্ত-আশ্রম, কল্যাণী,
নদীয়া

প্রথম সংস্করণ—১১০০
শ্রীশ্রী ১০৮ শোভামায়ের স্বর্ণ জয়ন্তী উপলক্ষে প্রকাশিত
ফাল্গুন—১৩৭৭ বাংলা
মূল্য—২·৫০

প্রাপ্তিস্থান
১। প্রকাশকের নিকট
২। মহেশ লাইব্রেরী
৩। সন্ত-আশ্রম
লাক্সা, বারানসী

মুদ্রক :
ফ্রেণ্ডস্ এণ্ড কোম্পানী
৪৫এ, আমহার্ষ্ট ষ্ট্রীট,
কলিকাতা৯-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

7/261

প্রার্থনা

SHREE SHREE ANANDAMAYEE SANGHA

মা !

যে সাধন সঙ্কেত এই গ্রন্থের
বিষয়বস্তু
যাহার সিদ্ধি—মূর্ত্ত বিগ্রহ তুমি
আজ তোমার
স্বর্ণ জয়ন্তীর পুণ্য দিনে
আমাদের সকল গুরু ভাই বোনদের
হাতেই তাহা তুলিয়া দিলাম।
গ্রন্থের অভীপ্সিত ফল
আমাদের জীবনে
সত্য হউক
মূর্ত্ত হউক
ইহাই তোমার শ্রীচরণ কমলে আমাদের
বিনম্র প্রার্থনা।

প্রণতঃ
মিলন-মন্দিরের ভাই-বোনেরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ হরি

প্রকাশকের নিবেদন

পথহারা পথিক আমরা। সে পথ যেমন ব্যক্তিগত জীবনের সাধনার পথ, তেমনই জাতীয় জীবনের চলার পথ—উজ্জীবনের পথ। চাই সে পথের সন্ধান। কে সেই দিগ্‌ভ্রান্ত পথিকের মোহতমসাচ্ছন্ন পথের আলোক-দিশারী? হাঁ, আছে সে পথের সন্ধানী শ্রীশ্রী ১০৮ স্বামী সন্তদাস বাবাজী মহারাজ।

শ্রুতিপ্রোক্ত পথে চলিয়া তাঁহার অনুভূতিলব্ধ সাধন জীবনের যে দিনলিপি তিনি লিখিয়া রাখিয়া গিয়াছেন জরা-মরণশীল মানবের অমৃতত্ব লাভের ইহাই একমাত্র পন্থা—"নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইহা ছাড়া আর অন্য পথ নাই। এই দিনলিপি যাহা তাঁহার জীবনের সাধন সঙ্কেত তাহাই এই গ্রন্থের অন্যতম বিষয়বস্তু। কি কঠোর সে সাধনা, তাহার ইতিহাস বিস্ময়কর। সেই তপশ্চরণের পথ কুসুমাস্তৃত নহে কণ্টকাবৃত। শ্রুতির ভাষায়—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি।"
('কঃ উঃ ১।৩।১৪)

—পণ্ডিতগণ বলেন ক্ষুরের তীক্ষ্ণীকৃত অগ্রভাগ যেমন দুরতিক্রম্য, অমৃতত্বলাভের পথও তেমনি দুর্গম—দুরারোহ। সিদ্ধিতে তিনিও যে আত্মারাম ও আত্মকাম তাহারও ইঙ্গিত দেখিতে পাই তাঁহার দিনলিপিতে—"দেখিতেছি এই দেহ যেরূপ সীমাবদ্ধ ভাবিতাম ইহা তদ্রূপ নহে—ইহার অসংখ্য স্তর আছে, প্রত্যেকটী স্তর এক একটি অনন্ত লোকের অঙ্গীভূত অংশ। সেই স্তরে পৌঁছিলে এই জীবদেহই অনন্ত ব্রহ্মাণ্ডরূপ দেহ হইয়া যায়...... তাহাতে দ্রষ্টারূপে জীবাত্মা অন্তর্নিহিত...বিদ্যুৎ-প্রভাযুক্ত অতিসূক্ষ্ম জ্যোতিরূপে ইনি প্রথম প্রকাশিত হয়েন তৎপরে জ্যোতিও তাঁহাতে লীন হইয়া যায়—শাস্ত্র উপদেশে অনুমান করিতেছি এই জ্যোতির্লীন অবস্থায় জীবাত্ম-স্বরূপে নিয়ত অবস্থিতি করিতে পারিলে পরমাত্মস্বরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশিত হইবে। আপাততঃ এই জীবাত্ম অবস্থাই একপ্রকার সম্পূর্ণ নির্লিপ্ত অবস্থা বলিয়া বোধ করিতেছি।" সাধনার কি উচ্চাবস্থা। আর একটি মাত্র ধাপ অতিক্রম করিলেই সাধনার শেষ। মুক্তিতে নিত্যানন্দে স্থিতি। এই দিনলিপি সম্প্রদায়-নির্ব্বিশেষে প্রত্যেক সাধকের সাধন পথে আলোক-দিশারী হইবে বলিয়া আমরা মনে করি। নিরপেক্ষ দৃষ্টিতে এই কথা না বলিয়া পারিলাম না।

শ্রী ১০৮ স্বামী ধনঞ্জয়দাস কাঠিয়া বাবাজি মহারাজের লিখিত বাবাজী মহারাজের জীবনী গ্রন্থ হইতে এই দিনলিপি সংগৃহীত।

গুরুকৃপাধন্য লব্ধজ্ঞান সন্তদাস বাবাজী মহারাজ তাঁহার 'ব্রহ্মবাদী ঋষি ও ব্রহ্মবিদ্যা' গ্রন্থে যাহা লিখিয়াছেন তাহা হইতেও ইহাই স্পষ্ট অনুভূত হয় যে সাধনার সিদ্ধিতে প্রজ্ঞালোকে তাঁহার হৃদয়ক্ষেত্র উদ্ভাসিত হইয়াছিল। তিনি লিখিয়াছেন, "আমার ভাগ্য অতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসাধারণ, কারণ মহৎকৃপা আমি লাভ করিয়াছি, সেই কৃপাবলে অতি দুর্ব্বোধ্য দর্শনশাস্ত্র-সকলও স্নেহময়ী জননীর ন্যায় তাহাদের গোপনে রক্ষিত জ্ঞানামৃত আমার নিকট প্রকাশিত করিয়াছেন (পৃঃ ২৪)। শ্রুতিমুখে দ্রষ্টা ঋষি ঘোষণা করিয়াছেন।

"বেদাহমেতং পুরুষং মহান্তং
আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।"

(শ্বেঃ উঃ ৩।৮)

স্বপ্রকাশ অজ্ঞানের পরপারস্থিত সেই মহান পুরুষকে আমি জানিয়াছি—তাঁহার এই বাক্য উদ্ধৃত শ্রুতি বাক্যেরই অনুবাদ নয় কি ?

বস্তুলাভ কৃপা-সাপেক্ষ। শ্রুতিও বলিয়াছেন—

"যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূং স্বাম্"

(কঃ উঃ ১।২।২৩)

যাহার প্রতি ভগবান অনুগ্রহ করেন তিনিই তাঁহাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাভ করেন। তাঁহারই নিকট শ্রীভগবান স্বীয় স্বরূপ প্রকটিত করেন। তাঁহারও বাক্যে এই কৃপার কথাই সুস্পষ্ট দেখিতে পাওয়া যায়।

যে জ্ঞানামৃত পানে তিনি অজর ও অমরত্ব লাভে কৃতকৃতার্থ, মৃত্যুপথগামী ভারতীয় জাতিকে সেই মরণোত্তীর্ণ বাণীই তিনি শুনাইয়া গিয়াছেন তাঁহার "ব্রহ্মবাদী ঋষি ও ব্রহ্মবিদ্যা" গ্রন্থের মাধ্যমে।

মানব জাতির আজ চরম দুর্দ্দিন। হিংসা বিদ্বেষের কালকূট ভক্ষণ করিয়া মৃত্যুজর্জ্জর তাহার দেহ, তাহারই পরম ভেষজ ব্রহ্মবাদীয় কিয়ংদশ বক্ষ্যমাণ গ্রন্থে সংকলিত হইয়াছে।

শ্রীশ্রীসন্তদাস বাবাজী মহারাজের কৃপধন্য শ্রীশ্রী১০৮ শোভামায়ের পুণ্য আবির্ভাব তিথি আজ; সন্তদাসজীর মরণজয়ী এই প্রজ্ঞাবাণী শ্রীশ্রীমায়ের পুণ্য আবির্ভাব তিথিতে অঞ্জলি ভরিয়া লইয়া মানব সমাজের সম্মুখীন হইলাম, গ্রহণে কৃতার্থ হইব। গ্রহণ করুণ ইহাই প্রার্থনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থের প্রেসকপি তৈরী সুকঠিন কার্য্য। এই কার্য্য করিয়াছে শিবানী দেবী, এম, এ, বি, টি। কার্য্যয়াত্রেই গুরুসেবা তথা ভগবৎসেবা। এই সেবার ফলে তাহার জীবন শুদ্ধ ও পবিত্র হউক—ইহাই প্রার্থনা।

যে সকল গুরুভাইবোনের অর্থ সাহায্যে এই গ্রন্থ প্রকাশিত হইল, তাঁহাদের জানাই আন্তরিক বিনতি ধন্যবাদ সহ। সর্ব্বশেষে শ্রীভগবচ্চরণে এই বলিয়া আমার বক্তব্য শেষ করিতেছি যে গ্রন্থ তাহার অভীষ্ট ফল প্রদান করুন—ইতি

শ্রদ্ধাবনত
ব্রহ্মচারী গোপাল ভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রী ১০৮ শোভামা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাক্-কথন

"অমৃতস্য পুত্রাঃ"—অমৃতের পুত্র মানুষ—সৃষ্ট জগতে শ্রেষ্ঠ জীব। কিন্তু হারাইয়াছে সে অমৃতের আস্বাদ—ভুলিয়াছে তাঁর আত্মস্মৃতি—ধ্রুবাস্মৃতি। তাই তাঁর শূন্য হৃদয়—সেখানে বাসা বাঁধিয়াছে সাহারার তপ্ত মরু। তার দিগন্তে ধূ ধূ করিতেছে অনন্ত বালুকারাশি। অতৃপ্ত কামনা বাসনাই সেই বালুকা।

কেবলই ভাবনা কি যেন সে পায় নাই, কি যেন সে পাইয়াও হারাইয়াছে। না পাইবার দুঃখ—পাইয়া হারাইবার দুঃখ। দুঃখ আমাদের সাথের সাথী—দিবা-রাত্রির সহচর। পরিত্রাণের উপায় খুঁজিয়া মরি জীবন-ভোর। কিন্তু পথের ভ্রান্তি—মোহের তমিস্রা পৌঁছাতে দেয় না গন্তব্যস্থলে। তবে উপায়? প্রশ্ন দাঁড়ায় সে সঠিক পথ কি? উত্তর মহাজনগণের অনুসৃত পথই সেই পথ। "মহাজনঃ যেন গতঃ স পন্থা"—যক্ষ-জিজ্ঞাসিত সেই চিরন্তন প্রশ্নের যুধিষ্ঠিরের এই উত্তর। উত্তর

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্য সত্য। এ ছাড়া আর পথ নাই। "নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়।" পথের শেষে মিলিবে যে আত্মজ্ঞান সকল জ্বালা-মালা, অভাব-অনটন, তাহাতেই মিটিয়া যাইবে। ঋষিকণ্ঠের উদ্‌ঘোষণ "আত্মানং বিদ্ধি"—আত্মাকে জান। "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো" (বৃঃ উঃ ২।৪।৫)—যাজ্ঞবল্ক্য কহিয়াছেন এই কথা ব্রহ্মবাদিনী স্ত্রী মৈত্রেয়ীকে, আত্মাই দর্শণীয় শ্রবণীয়, মননীয় এবং নিশ্চিত ধ্যানের বিষয়রূপে গণনীয়। মৈত্রেয়ী নিশ্চয়ই এর অধিকারী। তাই চায় নাই সে পার্থিব সুখসম্পদ্। তাঁহার প্রার্থনা ছিল অমৃতত্ব লাভের। বলিয়াছিলেন, "যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাম্" (বৃঃ উঃ ২।৪।৩)—যদ্দ্বারা অমৃতত্ব লাভ হইবে না তাহা লইয়া আমি কি করিব ?

পার্থিব সুখান্বেষী মানব শুনুক এই মহতী বাণী। ভারতীয় নারীর ত্যাগ বৈরাগ্যের আদর্শ দেখুক !

"অতীতের স্মৃতি তারই স্বপ্ন নিতি।" মৈত্রেয়ীর সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাণী আজ কি শুধু স্বপ্ন হইয়াই থাকিবে? আবার কি এই মরণজয়ী বাণী আমাদের জায়া, জননী ও ভগিনীর মুখে শুনিতে পাইব না? শুনিতে যে চাই, না হইলে বাঁচিব না। মরণ-পথের যাত্রী আমরা।

আত্মজ্ঞানেই মিটিবে অভাবের সকল জলুনী—দুঃখের সকল দহনি। "যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।" "যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে"—(গীঃ ৬।২২) যাহা পাইলে আর কিছুই পাওয়ার বাকী থাকে না, সবই তুচ্ছ হইয়া যায়—"যে ধনে হইয়া ধনী, মণিরে মানে না মণি।" যে অবস্থায় স্থিত হইলে অতি বড় দুঃখও দুঃখ বলিয়া গণ্য হয় না—বিচলিত করিতে পারে না আত্মসংস্থিতি হইতে।

সকল সুখের আকর এই আত্মা। অতএব আত্মাই প্রাপণীয়, লোভনীয়। "রসো বৈ সঃ।" (তৈঃ উঃ ২।৭) আত্মা রসস্বরূপ, আনন্দ স্বরূপ। রসই আনন্দ। তাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি" (ঐ)। জীব রসস্বরূপকে প্রাপ্ত হইয়া আনন্দিত হন।

পাওয়ার জন্য চাই পথের দিশারী গুরু। গুরু হইবেন "শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং"—বেদজ্ঞ ও ব্রহ্মজ্ঞ। "জ্ঞানিনঃ তত্ত্বদর্শিনঃ"—জ্ঞানী ও তত্ত্বদর্শী! গুরু দেন সেই জ্ঞান—"যেন ভূতান্যশেষেণ দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি" (গী—৪।৩৫)—যদ্দ্বারা তুমি সমস্ত ভূতবর্গকে প্রথমতঃ নিজ আত্মাতে পরে আমাতে দর্শন করিবে।

শ্রুতিও বলিয়াছেন—

"যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং
প্রোবাচ তান্ তত্ত্বতো ব্রহ্মবিদ্যাম্"

(মুঃ উঃ ১।২।১৩)

—গুরু শিষ্যকে সেই ব্রহ্মবিদ্যাই যথাযথরূপে উপদেশ করেন যদ্দ্বারা পরমার্থস্বরূপ অক্ষর পুরুষকে অবগত হওয়া যায়। সেই জ্ঞান লাভ করিতে হইলে শিষ্যকে গুরুর সমীপবর্তী হইতে হইবে। "তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গচ্ছেৎ"—যাইতে হইবে "সমিৎপাণিঃ"—যজ্ঞকাষ্ঠ হস্তে বহন করিয়া লইয়া। তারপর? প্রণিপাত, জিজ্ঞাসা ও সেবার দ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিতে হইবে। ইহাই আত্মসমর্পণ। সমর্পণেই গুরুশক্তি বিদ্যাদানে উন্মুখ হয়। অর্জ্জুনের সখা, সুহৃদ্, বন্ধু, শ্রীকৃষ্ণ তখনই গুরুরূপে দেখা দিলেন যখন অর্জ্জুনের মুখে সমর্পণের মন্ত্র—"শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্" উচ্চারিত হইল—আমি তোমার শিষ্য, তোমার প্রপন্ন, আমাকে দীক্ষা-দানে কৃতার্থ কর।

ঋষিপ্রদর্শিত পথে চলিয়া পরম্পরাগত গুরুশক্তি লাভেই কৃতার্থ হওয়া যায়। সম্প্রদায়গত পথই সাধকের চলার পথ। চলিয়া লাভ হয় পরম্পরাগত গুরুশক্তি—মোক্ষানন্দের অক্ষয় বীজ।

এইরূপ ঋষিসম্প্রদায়ভুক্ত ছিলেন শ্রী১০৮ স্বামী সন্তদাস বাবাজী মহারাজ—ব্রহ্মবিদ্ ব্রহ্মবিদ্-গরীয়ান্। তাঁহার অনুসৃত ব্রহ্মানন্দের অমৃতসায়রে পৌঁছিবার যে পথ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহার সন্ধান, পূর্ব্বোক্ত ঋষিসম্প্রদায়ের ইতিবৃত্ত, সম্প্রদায়ের সিদ্ধান্ত এবং তত্ত্বানুভূতির জন্য যে উপাস্যের উপাসনা তাঁহার স্বরূপ অবগত হওয়া প্রয়োজন। সংক্ষিপ্ত আলোচনায় অনুসরণ করিব বাবাজী মহারাজের স্বলিখিত গ্রন্থ—মানিয়া লইব তাঁহার সিদ্ধান্ত।

সেই সম্প্রদায়ের আদি গুরু শ্রীশ্রীহংস ভগবান। একদা সনকাদি ঋষিগণ সর্বলোকপিতামহ ব্রহ্মার নিকট সংসার-জলধি উত্তরণের ভেলা কি জানিতে চাহিলেন। সৃষ্টি-কার্য্যে ব্যাপৃত ব্রহ্মা চঞ্চলচিত্ত। উত্তরদানে হইলেন অসমর্থ। কমলযোনি তখন প্রশ্নের মীমাংসা জানিবার জন্য হইলেন ধ্যান-নিমগ্ন। ব্রহ্মাকে উত্তরদানে অসমর্থতার বিপদ-সাগর হইতে উত্তীর্ণ করিবার জন্য স্বয়ং ভগবান অবতীর্ণ হইলেন। হংস ভগবানরূপে তাঁহার এই অবতরণ। অবতারগণের মধ্যে সর্ব্বপ্রথম এই হংস ভগবান। উত্তর-দানে ঋষিগণের প্রশ্নের সুষ্ঠু মীমাংসা করিলেন। কৃপা-প্রদর্শন ছাড়া এ আর কি? শ্রীমদ্ভাগবতের একাদশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্কন্ধের ত্রয়োদশ অধ্যায়ে ইহার বিস্তৃত বিবরণ লিখিত আছে।

শ্রুতির উপদেষ্টা সনকাদি ঋষিগণ হংস ভগবান হইতে এই পূর্ণ ব্রহ্মবিদ্যা লাভ করেন। যদিও ইহা ভাগবতের কথা, তথাপি এই তত্ত্ব শ্রুতিরই সিদ্ধান্ত।

দেবর্ষি নারদ অধীতশাস্ত্র—বেদবিদ্ কিন্তু আত্মবিদ্ নহেন। একদা ঋষি সনৎকুমারের নিকট উপনীত হইয়া শিষ্যোচিত বিনয় নম্র বচনে কহিলেন, "ভগবন্, আমি বিদ্যার্থী, যথাযোগ্য উপদেশ দানে কৃতার্থ করুন।" "হাঁ, অবশ্যই তোমাকে বিদ্যাদান করিব, কারণ শাস্ত্র বলেন, "উপসন্নায় সম্যক্ প্রশান্তচিত্তায় সমন্বিতায়"—যথাবিধি সমীপাগত, প্রশান্তমনা, সংজিতেন্দ্রিয় জিজ্ঞাসুকে বিদ্যাদান করিবে। (মু: উ. ১।২।১৩) দেখিতেছি তুমি যথার্থই জিজ্ঞাসু। তবে বিদ্যাদানের পূর্ব্বে আমি জানিয়া লইতে চাহি এতাবৎকাল তুমি কি কি বিদ্যা অর্জ্জন করিয়াছ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহর্ষি বলেন, "চতুর্বেদ, বেদাঙ্গ, এক কথায়—শ্রুতি, স্মৃতি, পুরাণ, ইতিহাস, নিখিল শাস্ত্র আমি অধ্যয়ন করিয়াছি ;—করিয়া মন্ত্রবিদ্ হইয়াছি, আত্মবিদ্ হই নাই। হে ভগবন্! ভবাদৃশ জ্ঞানিগণের নিকট শ্রুত হওয়া যায়, কেবল মাত্র আত্মবিদ্‌ই শোকসাগর উত্তীর্ণ হইতে পারেন"—"আত্মবিৎ শোকম্ তরতি।" (ছাঃ উঃ ৭।১।৩)

আমি শোকগ্রস্ত—"শোকস্য পারম্ তারয়তু"—আমাকে শোক-সাগর উত্তীর্ণ করান। ঋষি সনৎকুমার উপদেশদানে প্রবৃত্ত হইলেন। দুরধিগম্য সেই উপদেশ। তবে কৃপাসাধ্য হওয়ায় গুরুকৃপালব্ধ শিষ্য অনায়াসেই তাহা অনুভব করিতে পারেন। উপদেশের সঙ্গে সঙ্গে কৃপার ধারা বহিয়া চলিয়াছে। বলিলেন "হে নারদ! সুখের জন্যই মানুষ সব কিছু করে। কর্তব্য কর্ম্মে যে নিষ্ঠা তাহারও মূলে সুখ ; অতএব সুখ কি তাহাই তোমার জানা কর্তব্য—"সুখং ত্বেব বিজিজ্ঞাসিতব্যম্"। "বেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহাই বলুন, সুখ কি আমি জানিতে চাই।" ঋষি-মুখে চিরন্তনী তত্ত্ব—"যো বৈ ভূমা তৎ সুখং, নাল্পে সুখমস্তি। ভূমৈব সুখম্—" (ছাঃ উঃ ৭।১৩।১) যাহা ভূমা তাহাই সুখ, অল্পে সুখ নাই, ভূমাই সুখ। এই ভূমাও কিন্তু তোমার জানা দরকার। "ভূমা ত্বেব বিজিজ্ঞাসিতব্যঃ"—ভূমা কি তাহাই বলুন। আমি ভূমার স্বরূপ জানিতে চাই।' প্রার্থনায় উত্তরে ঋষি কহেন—"যত্র নান্যৎ পশ্যতি, নান্যচ্ছৃণোতি, নান্যদ্বিজানাতি স ভূমা"—যেখানে অন্য কিছু দৃষ্ট, শ্রুত বা অবগত হওয়া যায় না তাহাই ভূমা অর্থাৎ ভগবানের সহিত সব কিছুর সংস্থিতির দর্শনই ভূমা; আর "যত্রান্যৎ পশ্যতি, অন্যৎ শৃণোতি, অন্যৎ বিজানাতি তৎ অল্পম্"—ব্রহ্ম ভিন্ন যে বস্তুর দর্শন, শ্রবণ ও গ্রহণ তাহাই অল্প।

"যো বৈ ভূমা তৎ অমৃতম্"—

যাহা ভূমা তাহাই অমৃত! আর—"যৎ অল্পম্ তৎ মর্ত্যম্"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—যাহা অল্প তাহা মরণধর্মশীল, সসীম, ক্ষণস্থায়ী। "ভগবঃ সঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ"—হে ভগবন্! এই ভূমা কোথায় প্রতিষ্ঠিত আছেন? "স্বে মহিম্নি"-স্বমহিমায়। "যদি বা ন মহিম্নি" (ছাঃ উঃ ৭।২৪।১) অথবা নিজ মহিমাকেও অতিক্রম করিয়া গুণাতীতরূপে বিরাজমান। আরও শোন, "স এবাধস্তাৎ স উপরিষ্টাৎ স পশ্চাৎ, স পুরস্তাৎ স দক্ষিণতঃ, স উত্তরতঃ স এবেদম্ সর্বম্"—(ঐ ৭।২৫।১) তিনিই নিম্নে, তিনিই ঊর্দ্ধে, তিনিই পশ্চাতে, তিনিই সম্মুখে, তিনিই দক্ষিণে, তিনিই উত্তরে। তিনিই এতৎ সমস্ত অর্থাৎ তাঁহার সংস্থিতি সর্বত্র। আর এই ভূমা আমিও ঊর্দ্ধে, অধে, পশ্চাতে, সম্মুখে, দক্ষিণে, উত্তরে,—আমিই এতৎসমস্ত, সুতরাং ভূমার সহিত অভিন্ন আমিই সব। এই আমি কিন্তু দেহ নয়, আত্মা। আত্মাও নিম্নে, ঊর্দ্ধে, সম্মুখে, পশ্চাতে, উত্তরে দক্ষিণে, দৃশ্যমান যাহা কিছু তৎসমস্তই। আত্মদর্শনকারী "স্বরাড় ভবতি, তস্য সর্বেষু লোকেষু কামাচারো ভবতি".

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ছাঃ উঃ ৭।৫।২)—তিনি স্বরাট্ হন। সমস্ত লোকে তাহার অপ্রতিহত গতি হয়। স্বরাট্ অর্থ সম্রাট্। সম্রাট্ যেমন স্বেচ্ছাধীন, কাহারও অধীন নহে, সর্ব্ব-শক্তিমান্, অবাধ গতি, আত্মজ্ঞ পুরুষও তদ্রূপই হয়েন। এই আত্মদর্শী—

"ন পশ্যো মৃত্যুং পশ্যতি ন রোগং নোত দুঃখতাম্।
সর্বং হ পশ্যঃ পশ্যতি সর্বমাপ্নোতি সর্বশঃ॥"

(ছাঃ উ. ৭।২৬।২)

—মৃত্যু দর্শন করেন না, রোগ দর্শন করেন না, দুঃখও দর্শন করেন না, তিনি সমস্তকেই অখণ্ড সচ্চিদানন্দরূপে দর্শন করেন এবং তিনি নিজেও সর্ব্ব-প্রকারে সর্ব্বতোভাবে তদ্রূপই হইয়া যান।

সাধনই সিদ্ধি বহন করিয়া আনে। অতএব জীবনে কৃতকৃতার্থতার জন্য চাই সাধনা। সাধনার প্রধান অঙ্গ আহার শুদ্ধি। শ্রুতি বলেন,

"আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ, সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ,

CC0. In Public Domain. Sri Srj Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্মৃতিলম্ভে সর্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ"—আহার শুদ্ধিতে সত্ত্বশুদ্ধি—চিত্তশুদ্ধি হয়। সত্ত্বশুদ্ধি হইলে নিশ্চলা স্মৃতি লাভ হয়। স্মৃতি লাভ হইলে সমস্ত হৃদয়গ্রন্থী ছিন্ন হয়। "মহিমা তব গোচর শুদ্ধ মনে।"

এইরূপ রাগাদি দোষমুক্ত নারদকে ভগবান সনৎকুমার অজ্ঞান অন্ধকারের পরপার দর্শন করাইলেন।

"মৃদিতকষায়ায় তমসস্পারং দর্শয়তি ভগবান্ সনৎকুমারঃ।"
(ছা: উ: ৭।২৬।২)

সনৎকুমার কথিত এই বিদ্যা ভূমা-বিদ্যা নামে প্রসিদ্ধ। এই বিদ্যালাভে অলভ্য আর কিছুই থাকে না। নিজেকে ব্রহ্মের সহিত অভিন্নরূপে দর্শনে আত্মসংস্থিতিতে সর্ব্বত্রাবস্থিতি দান করে। "তখন বিশ্বজগৎ আমারে মাগিলে কে মোর আত্মপর? আমার দেবতা আমাতে জাগিলে কোথায় আমার ঘর।" এমনই সর্ব্ববিদ্যাসম্পন্ন শ্রীনারদ—আপ্তকাম আত্মারাম।

এইবার শ্রীনিম্বার্কাচার্য্যের ইতিবৃত্ত ও তাঁহার ধর্ম্মমত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আলোচনা করা যাইতেছে। গীতায় ভগবান্ বলিয়াছেন—

"যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্॥
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥" (৪।৭-৮)

—যখন যখন ধর্ম্মের হ্রাস এবং অধর্ম্মের বৃদ্ধি হয়, তখন তখন আমি দেহধারণ করি। সাধুগণের উদ্ধার এবং পাপীদিগের বিনাশ সাধন দ্বারা ধর্ম্মসংস্থাপনের জন্য যুগে যুগে আমি জন্মগ্রহণ করি।

এইরূপে দুষ্টের দমন, শিষ্টের পালন, এবং ধর্ম্ম-সংস্থাপনের জন্য কখনও বা তিনি নিজেই আসেন, আবার কখনও বা তিনি তাঁহার বিভূতি সকলকে অবতাররূপে ধরাতলে প্রেরণ করেন।

দ্বাপর-অন্তে—কলির প্রারম্ভে ধর্ম্মবিপ্লবে পৃথিবী পাপভারাক্রান্ত। প্রজাকুল দুঃসহ দুঃখে প্রপীড়িত। প্রাকৃতিক বিপর্য্যয় সর্বত্র। সমাজে, রাষ্ট্রে বিশৃঙ্খলা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুঃখ দারিদ্র্যের অসহনীয় প্রপীড়ন। আধিব্যাধির অবাধ লীলা। মানব-কুল পরিত্রাণের উপায় খুঁজিতেছে। ত্রাহি ত্রাহি রব আকাশ বাতাস বিদীর্ণ করিয়া উঠিয়াছে।

ভগবানের আসন টলিল। করুণার্দ্র হৃদয় তাঁহার বিগলিত হইল। স্থির থাকিতে না পারিয়া প্রতি-বিধানের জন্য হস্তস্থিত সুদর্শন চক্রকে সম্বোধন করিয়া কহিলেন—

"সুদর্শন মহাবাহো কোটিসূর্য্যসমপ্রভ।
অজ্ঞানতিমিরান্ধানাং বিষ্ণোর্মার্গং প্রদর্শয়"।

. (ভঃ পুঃ)

—হে কোটিসূর্য্যসমপ্রভ মহাবাহো সুদর্শন! তুমি মর্ত্ত্যলোকে অবতার গ্রহণ কর। অজ্ঞানতিমিরান্ধ মানবগণকে ধর্ম্মপথ প্রদর্শন কর।

এ-ও যে পূর্ব নির্দ্ধারিত ভগবদ্-বিধান তাহারও প্রমাণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভবিষ্যপুরাণের নিম্নলিখিত বাক্যে দেখিতে পাওয়া যায়—

"সুদর্শনো দ্বাপরান্তে কৃষ্ণাজ্ঞপ্তো জনিষ্যতি।
নিম্বাদিত্য ইতি খ্যাতো ধর্ম্মগ্লানিং হরিষ্যতি॥"

(ভঃ পুঃ ৪।৭।৬৭)

—দ্বাপর যুগের শেষে কলির প্রারম্ভে ভগবান শ্রীকৃষ্ণের আদেশে শ্রীসুদর্শন চক্র জন্ম গ্রহণ করিবেন। তিনি নিম্বার্ক নামে খ্যাত হইয়া ধর্ম্মের গ্লানি হরণ করিবেন।

পবিত্রতোয়া গোদাবরী নদী। তীরে বৈদূর্যপত্তন নামক এক গ্রাম। গ্রামে প্রাকৃতিক সৌন্দর্য্যের আধার-ভূত অরুণ ঋষির আশ্রম। পত্নী জয়ন্তী দেবী ধর্ম্মপরায়ণা। সর্ববিষয়ে স্বামীর অনুগামিনী। চণ্ডীর ভাষায়, "মনোবৃত্তিম্ অনুসারিণীম্।" তাঁহাদেরই পুত্ররূপে সুদর্শন চক্র আবির্ভূত হইলেন। এ সম্বন্ধে ভবিষ্যৎ পুরাণের প্রমাণ বাক্য—

"কার্ত্তিকস্য সিতে পক্ষে পূর্ণিমায়াং বৃষে বিধৌ।
কৃত্তিকাভে মহারম্যে উচ্চস্থে গ্রহপঞ্চকে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূর্য্যাবসানসময়ে মেষলগ্নে নিশামুখে।
জয়ন্ত্যাং জয়রূপিণ্যাং জজান জগদীশ্বরঃ ॥"

—কার্ত্তিক মাসের শুক্ল পক্ষে পূর্ণিমা তিথিতে বৃষ রাশিতে চন্দ্রে কৃত্তিকা নক্ষত্রে পাঁচটি গ্রহ উচ্চস্থ হইলে পরম রমণীয় সূর্য্যাবসানকালে নিশামুখে মেষলগ্নে জয়-রূপিণী জয়ন্তী দেবীর গর্ভে জগদীশ্বর জন্ম গ্রহণ করিলেন।

শাস্ত্রপ্রমাণ ও জ্যোতিষ বিচারে তাঁহার আবির্ভাব কাল পঞ্চদশ কল্যব্দ। এখন হইতে ৫ হাজারেরও অধিককাল পূর্ব্বে বলিয়া নির্দ্ধারিত হইয়াছে।

পিতামাতা নবজাত শিশুর নাম রাখিলেন নিয়মানন্দ। চন্দ্রকলার ন্যায় দিনে দিনে শিশু বাড়িতেছে। অপ্রাকৃত সৌন্দর্য্য মাধুর্য্যে তাঁহার প্রকৃতি ও অবয়ব অতুলনীয়। বয়সের সঙ্গে সঙ্গে কত বিস্ময়কর ঘটনাই না তাঁহার জীবনে ঘটিতেছে। তাহাতে আশ্চর্য্য হইবার কিছুই নাই। ধর্ম্ম প্রবর্ত্তনের জন্য যাঁহার দৈব আবির্ভাব, হৃতমান ধর্ম্মের উজ্জীবন যাঁহার জীবনব্রত, তাঁহার জীবন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে অলৌকিক অসাধারণ হইবে তাহাতে আর সন্দেহ কি ?

দেবী জয়ন্তী এবং অরুণ ঋষির মনে এক নূতন প্রেরণা দেখা দিয়াছে। শ্রীকৃষ্ণের লীলাভূমি ব্রজধামে বাস এই প্রেরণার মূল কথা। যতই দিন যাইতেছে, প্রেরণা ততই বৃদ্ধি পাইতেছে। আর থাকিতে না পারিয়া অবশেষে ব্রজভূমির অভিমুখে যাত্রা করিলেন। শ্রীকৃষ্ণের লীলাভূমি এই ব্রজধাম। অপ্রাকৃত বলিয়া নানা শাস্ত্রে কীর্ত্তিত। লীলা চিরন্তন। কখনও বা প্রত্যক্ষ, কখনও বা অপ্রত্যক্ষ। কিন্তু "কোন কোন ভাগ্যবান্ দেখিবারে পায়।" দেখার মত চক্ষু থাকিলেই দেখা যায়। ঋষি-দম্পতি ব্রজধামে আসিয়া উপনীত হইলেন। গোবর্দ্ধন পর্বতের এক মনোরম গুহায় বাসভূমি নির্দ্ধারিত হইল। সেখানে আবার নূতন আশ্রমের পত্তন হইল।

শ্রুতি বলেন, "আচার্য্যাদ্ধৈব বিদ্যা বিদিতা সাধিষ্ঠং প্রাপতি" (— ছাঃ উঃ ৪।৯.৩)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—গুরুমুখে শ্রুত বিদ্যাই কল্যাণতম হইয়া থাকে। অতএব জীবন জনম সার্থক করিবার জন্য প্রয়োজন গুরুর। একদিন সেই গুরু আসিয়া উপস্থিত হইলেন অরুণ ঋষির আশ্রমে। দেবর্ষি নারদ সেই গুরু। আসিয়াছেন দৈবাদেশে নিয়মানন্দকে দীক্ষাদান করিতে। শুভ মুহূর্ত্তে দীক্ষাদান কার্য্য সমাপ্ত হইল। নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য ব্রতে নিয়মানন্দ দীক্ষিত হইলেন। দেবর্ষি নারদ তাহাতে গুরুশক্তি সঞ্চারিত করিয়া কহিলেন—"পরম্পরাগত শ্রুতির উপদেষ্টা ঋষি সনৎকুমারের নিকট প্রাপ্ত ব্রহ্মবিদ্যা আজ তোমাকে প্রদান করিয়া নিজেকে ধন্য মনে করিতেছি। বিদ্যাস্ফুরণ সাধনসাপেক্ষ। সাধনে প্রবৃত্ত হও সিদ্ধিতে জীবন সার্থক হইবে।"

পরবর্ত্তীকালে নিয়মানন্দের নিম্বার্ক নাম প্রচলিত হয়। এই পরিবর্ত্তনের মূলে একটু ইতিহাস আছে। একদা একদল যতি অতিথিরূপে অরুণ ঋষির আশ্রমে উপস্থিত হন। 'অতিথিদেবো ভব"—অতিথিকে দেবতা-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানে পূজা করিবে—শ্রুতির নির্দ্দেশ। অতিথি তো নারায়ণই। সমাগত অতিথিবৃন্দের পরিচর্য্যায় নিয়মানন্দ নিজেকে নিয়োজিত করিলেন। আদর আপ্যায়নে, সেবা যত্নে, তাঁহারা সন্তুষ্ট হইলেন। নারায়ণ-জ্ঞানে নিয়মানন্দ অতিথি সৎকার করিলেন।

দিবাবসান—সূর্য্যদেব অস্তাচলে গমন করিয়াছেন। রাত্রির অন্ধকার দিগ্‌দেশ ছাইয়া ফেলিয়াছে। অতিথিদিগের সম্মুখে রাত্রির আহার্য্য উপস্থিত করা হইল। তাঁহারা বিমুখ সেই আহার্য্য গ্রহণে। বলিলেন—যতি-ধর্ম্ম অনুযায়ী আমরা সূর্য্যাস্তের পর আহার করি না। কি আর বলিবার আছে? এ যখন তাঁহাদের ধর্ম্ম, তখন তাঁহাদিগকে তাহা পালন করিতেই হইবে। অন্যদিকে আবার আশ্রমে আগত অতিথিবৃন্দ অনাহারে থাকিবেন, তাহাও তো বাঞ্ছনীয় নয়। নিয়মানন্দ ক্ষণকাল কি চিন্তা করিলেন—না, এ হইতেই পারে না। এর প্রতি-বিধান—একটা ব্যবস্থা অবশ্যই করিতে হইবে। আশ্রম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাঙ্গণে দাঁড়াইয়া আছে একটি নিম্ববৃক্ষ। শাখা পল্লবে বৃক্ষটি বড়ই মনোরম। দর্শন নয়নানন্দদায়ক। নিয়মানন্দ তাহাতে আরোহণ করিলেন। পরম যোগৈশ্বর্য্যের অধিকারী তিনি। সুদর্শন চক্রকে আহ্বান করিলেন। সুদর্শন তো তাঁহারই স্বরূপ। আবাহনের সঙ্গে সঙ্গে আসিয়া উপস্থিত হইলেন, কোটিসূর্য্যসমপ্রভ তাঁহার রূপ। নিম্ববৃক্ষের উপরে আকাশমার্গে নিয়মানন্দ তাঁহাকে স্থাপন করিলেন। চক্রের সেই সমুজ্জ্বল প্রভায় রাত্রির অন্ধকার দূরীভূত হইল। কোথায় রাত্রি? এ যে সূর্য্যকরোজ্জ্বল মনোরম দিবাভাগ। যতিগণ বিস্মিত! তবে কি তাঁহারা ভুল করিয়াছেন? এখনও দিবাবসান হয় নাই? বিস্ময়-বিমূঢ় তাঁহাদের অবস্থা! আহার্য্য গ্রহণে আর আপত্তি করিবে কি করিয়া? শ্রদ্ধার দান, পবিত্রাহার তাঁহারা গ্রহণ করিলেন। গ্রহণে তৃপ্তির পরমানন্দ! এ যে ভগবৎ প্রসাদ!

অতিথি সৎকার সম্পন্ন হইয়াছে। আর কেন?

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুদর্শন চক্র প্রত্যাহৃত হইল, স্বস্থানে ফিরিয়া গেলেন। যেই কে সেই। দিন কোথায়? এ যে রাত্রিই। প্রহর-কাল অতীত হইয়াছে। এ কি ভোজবাজী? যতিগণের বিস্ময়ের সীমা পরিসীমা রহিল না। বুঝিলেন নিয়মানন্দ সাধারণ মানুষ নহেন। দৈববলে বলীয়ান্। দিনকে রাত, রাতকে দিন করিতে পারেন। নবীনের নিকট প্রবীণ যতিগণের শির অবনমিত হইল শ্রদ্ধায় ও ভক্তিতে। বিদায়ের পূর্ব্বে তাঁহারা নিয়মানন্দের নূতন নামকরণ করিলেন—নিম্বার্কাচার্য্য। তদবধি এই নামই চলিয়া আসিতেছে। সশ্রদ্ধ অভিবাদন জ্ঞাপন করতঃ তাঁহারা বিদায় লইলেন।

নিয়মানন্দ নারায়ণের হস্তস্থিত সুদর্শন চক্রেরই অবতার। তাই তিনি চক্রাবতার নামেও প্রসিদ্ধ ছিলেন।

তাঁহার জীবনব্রত ধর্ম্মসংরক্ষণ, দুষ্টের দমন, এইবার শুরু হইল। কোথাও বা প্রতিপক্ষকে শাস্ত্রবিচারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরাজিত করিয়া, আবার কোথাও বা দৈবশক্তির প্রভাব বিস্তার করিয়া তাঁহার অবতারলীলা করিয়া যাইতে লাগিলেন। শাস্ত্রজ্ঞানে মহা ধুরন্ধর পণ্ডিত তিনি। সেই সঙ্গে যোগ হইয়াছে দৈবশক্তি। ফলে ঋদ্ধিসিদ্ধি সমস্তই তাঁহার করতলগত। তাঁহার ধর্মপ্রচার কার্য্যে বাধা জন্মায় কাহার সাধ্য? ভগবৎ বিধানেই তো তাঁহার আগমন। ধর্মপ্রচারের মহান্ ব্রত উদ্‌যাপন। কত নাস্তিক আস্তিক হইল। কত দুর্বল চিত্ত সবল চিত্ত হইল ভগবৎ সাধনায় তাঁহার শক্তি সঞ্চারে—তাঁহার প্রেরণায়। কার্য্য তাঁহার চলিয়াছে অবাধ গতিতে। নাস্তিকের উচ্চশির নত হইতে লাগিল। হতমান ধর্ম্ম আবার উচ্চশিরে দণ্ডায়মান হইল। বেদপ্রণিহিত সনাতন ধর্ম্মের জয় জয়কার আবার সর্বত্র। তাঁহার দৈবশক্তির অতুল প্রভাবের নিকট অবৈদিক ধর্ম্মমতসমূহ কোথাও বা ধ্বংস, বিধ্বংস, কোথাও বা হতমান হইয়া লজ্জায় মুখ লুকাইল। জনসমাজ হইতে তাহাদের প্রভাব প্রতিপত্তি হ্রাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাইতে লাগিল। বৈদিক ধর্মকে পুনরায় দৃঢ় ভিত্তির উপর স্থাপন করিয়া তিনি তাঁর অবতারলীলা সাঙ্গ করিলেন।

তাঁহার প্রচারিত ধর্ম শ্রুতি-স্মৃতি-পুরাণ নিখিল শাস্ত্রের সার। বৈদিক ঋষি প্রবর্ত্তিত ধারাকে অনুসরণ করিয়াই তাহার অব্যাহত গতি চলিতে লাগিল।

এই ধর্মমত সম্বন্ধে আলোচনায় প্রবৃত্ত হওয়া যাইতেছে। বৈষ্ণব চারি সম্প্রদায়ের অন্যতম শ্রীনিম্বার্ক সম্প্রদায়। বিষ্ণুর উপাসক বৈষ্ণব। বিষ্ণু বলিলে কি বোঝায়—বিষ্ণু নামের তাৎপর্য্য অনুধাবন করা যাউক। বিষ্ণুপুরাণ বলেন—

"পরমাত্মা চ সর্বেষামাধারঃ পরমেশ্বরঃ।
বিষ্ণুর্নাম্না স বেদেষু বেদান্তেষু চ গীয়তে।।" (৬।৪।৪০)

—পরমাত্মা সকলের আধার। তিনিই পরমেশ্বর। বেদ ও বেদান্তে তিনিই বিষ্ণু নামে খ্যাত। এই বিষ্ণু যাঁহাদের উপাস্য, তাঁহারাই বৈষ্ণব।

২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরব্রহ্মস্বরূপ বিষ্ণুর সর্বব্যাপিত্ব, সর্বশক্তিমত্তাও শাস্ত্রেই কীর্ত্তিত—

"এতৎ সর্বমিদং বিশ্বং জগদেতচ্চরাচরম্।
পরব্রহ্মস্বরূপস্য বিষ্ণোঃ শক্তিসমন্বিতম্॥" (৬।৭।৬০)

—সমস্ত বিশ্বচরাচর, সমস্ত জগৎ, পরব্রহ্মস্বরূপ বিষ্ণুশক্তির প্রকাশ। বৈষ্ণব বলিলে যে ভেদবিভেদের গণ্ডীবদ্ধ কোন বিশেষ সম্প্রদায়কে বোঝায় না, উপরে উদ্ধৃত শাস্ত্রবাক্য হইতে ইহা বুঝিতে বিলম্ব হয় না। অথচ প্রচলিত ধারণা ইহার কত না বিপরীত!

সম্প্রদায়ে সম্প্রদায়ে দ্বেষ, হিংসা, মারামারি আর খাওয়া খাওয়ি—এর মূলে আর যাহাই থাকুক বৈষ্ণবতা যে নাই তাহা স্বীকার করিতেই হইবে। আব্রহ্মস্তম্ব পর্য্যন্ত যে বৈষ্ণবধর্ম্মের কুক্ষিগত, তাঁহার নিকট সম্প্রদায়ের বিভিন্নতা যে বৈষ্ণবধর্ম্ম-বিরুদ্ধ তাহা বুঝিতে না পারিলে "ব্যাপকত্বাৎ বিষ্ণুঃ" বাক্যের তাৎপর্য্য বোধগম্য হইল না। বৈষ্ণবের নিকট দূর বলিয়া কেহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই। পর বলিয়াও কেহ থাকিতে পারে না। সকলেই তাঁহার আপন জন। নিজের অঙ্গীভূত বলিয়াই আপন। নিজেকে কে আর দ্বেষ করে, হিংসা করে? তেমনই—

"যাহা যাহা নেত্র পরে তাহা কৃষ্ণ স্ফুরে"

—এই অনুভূতিলব্ধ বৈষ্ণবের নিকট দ্বেষ্য বা ঘৃণ্য আবার কে থাকিতে পারে? শ্রুতি কি বলেন নাই—?

"যস্তু সর্বাণি ভূতান্যাত্মন্যেবানুপশ্যতি।
সর্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে।" (ঈ: উ ৬)

—যিনি সমস্ত বস্তুই স্বীয় আত্মাতে এবং স্বীয় আত্মাকে সমস্ত বস্তুতে দর্শন করেন, তিনি আবার ঘৃণা করিবেন কাহাকে? শ্রুতি-প্রতিপাদিত সর্ব্বভূতাত্মা জ্ঞানীই যে যথার্থ বৈষ্ণব ভাগবতে শ্রীকৃষ্ণ, ভক্ত উদ্ধবকে তাহা বলিতে যাইয়া বলিয়াছেন—

''সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ॥"

(১১।২।৪৫)

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—যিনি সর্বভূতে সর্বাত্মা ভগবানের অস্তিত্ব দর্শন করেন এবং সর্বভূতকে পরমাত্মা ভগবানে বিরাজমান দর্শন করেন তিনিই ভাগবত প্রধান জানিবে।
এই প্রাধান্য প্রমাণ করিতে যাইয়া আরও বলিলেন,—

"ন যস্য স্বঃ পর ইতি বিত্তেষ্বাত্মনি বা ভিদা।
সর্বভূতসমঃ শান্তঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥"(ভাঃ ১১।৫২)

—যাহার (ধনপুত্রাদি) বিত্তাদিতে এমন কি নিজদেহে পর্য্যন্ত আত্মপর বোধ নাই, যিনি সর্বভূতে সমদর্শী এবং প্রশান্ত, তাহাকে উত্তম ভাগবত বলিয়া জানিবে। এইরূপ উত্তম ভাগবত ভক্ত তাঁহাতেই নিত্যযুক্ত। ভগবান তাঁহার আত্মার আত্মা—আত্মার আত্মীয়। কাজেই ভগবান হইতে তিনি দূরে নহেন। তাঁহাতেই তাঁহার আবাস ও নিবাসস্থান। তবেই না তিনি বৈষ্ণব নামধেয় যথার্থ বৈষ্ণব-ভক্তাগ্রগণ্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্ত ভগবানের একাত্মতার এই অচ্যুত সম্বন্ধ ভাগবতেও বর্ণিত হইয়াছে—

"ত্রিভুবনবিভঁবহেতবেঽপ্যকুণ্ঠস্মৃতি-
রজিতাত্মাসুরাদি-ভির্বিমৃগ্যাৎ।
ন চলতি ভগবৎপদারবিন্দা-
ল্লবনিমিষার্দ্ধমপি যঃ স বৈষ্ণবাগ্র্যঃ॥" (ভাঃ ১১।২।৫৩)

—যিনি অজিতাত্মা (হরিগত প্রাণ) দেবতা প্রভৃতির দুর্লভ, ভগবৎপদারবিন্দ হইতে লবনিমিষার্দ্ধ-কালও চলচ্চিত্ত হন না, তাঁহাকেই অনুক্ষণ স্মরণ করেন, তিনি বৈষ্ণবাগ্রগণ্য বলিয়া জানিবে। অন্যথায় তাহাকে ভক্ত বলিলেও প্রাকৃত বিশেষণে বিশেষিত করা হইয়াছে। শুধু বৈষ্ণবের বাহ্যিক আচার পালন দ্বারা অথবা ভক্ত-জনোচিত তিলকমালাদি ধারণ করিয়া পূজানুষ্ঠানের বাহ্য আড়ম্বর করিলেই ভক্ত বা বৈষ্ণব হওয়া যায় না। এ সম্বন্ধে ভাগবতের নিম্নলিখিত উক্তিটি বিশেষভাবে প্রণিধানযোগ্য—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে।
ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ॥"

(ভাঃ ১১।২।৪৭)

—যিনি শ্রদ্ধাসহকারে কেবল প্রতিমাদিতে ভগবানের পূজা করিয়া থাকেন, পরন্তু অন্য ভগবদ্ ভক্তের কিংবা অন্য কোন প্রাণীকে শ্রীহরি বলিয়া পূজা করেন না, তিনি প্রাকৃত ভক্ত অর্থাৎ ভক্ত নামধেয় হইলেও যথার্থ ভক্ত নহে। ভাগবত প্রমাণে ইহাই বুঝিতেছি বৈষ্ণব বিশ্ববন্ধু—সর্ব্বাত্মতায় একাত্ম হইয়া তাহার প্রেম বিশ্বপ্লাবী। অন্যথায় তাহাকে বৈষ্ণবকুল-কণ্টক বলিলেও অত্যুক্তি হয় না।

এইরূপ যে বৈষ্ণব ধর্ম্ম তাহা কি ভাবে পালন করিতে হইবে তাহার অঙ্গসকল কি কি তাহাও ভক্ত উদ্ধবকে শ্রীকৃষ্ণ বলিয়াছেন—

"কুর্য্যাৎ সর্ব্বাণি কর্ম্মাণি মদর্থং শনকৈঃ স্মরন্।
ময্যর্পিতমনশ্চিত্তো মদ্ধর্ম্মাত্মমনোরতিঃ॥"

(ভাঃ ১১।২৯।৯)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—আমাতে মন ও চিত্ত অর্পণ করিয়া আমার ধর্ম্মাচরণে মনের নিষ্ঠা স্থাপনপূর্বক আমাকে অসম্ভ্রান্ত চিত্তে স্মরণ করতঃ সমস্ত কর্ম্মের অনুষ্ঠান করিবে। আচারে ব্যবহারে সর্বত্র হইবে ভূলুণ্ঠিত শির।

"বিসৃজ্য স্ময়মানান্ স্বান্ দৃশং ব্রীড়াঞ্চ দৈহিকীম্।
প্রণমেদ্দণ্ডবদ্ভূমাবাশ্বচাণ্ডালগোখরম্॥
যাবৎ সর্বেষু ভূতেষু মদ্ভাবো নোপজায়তে।
তাবদেবমুপাসীত বাঙ্মনঃকায়বৃত্তিভিঃ॥"

(ভাঃ ১১।২৯।১৬-১৭)

—অপরের উপহাস ও মিত্রতার প্রতি উপেক্ষা করিয়া আমি উত্তম, উনি নীচ ইত্যাকার দৈহিক দৃষ্টি ও লজ্জাদি পরিহার পূর্বক কুকুর, চণ্ডাল, গো, গর্দ্দভ পর্যন্ত সকলকে ভূমিতে পতিত হইয়া দণ্ডবৎ প্রণাম করিবে। যাবৎকাল পর্যন্ত সর্ব্বভূতে আমার সত্তার উপলব্ধি না হয় তাবৎকাল পর্যন্ত কায়মনোবাক্যে এই প্রকার উপাসনায় নিযুক্ত থাকিবে।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বভূতে ভগবদ্‌ভাব উপলব্ধি সাধনার সিদ্ধি। তৎলাভার্থ সাধনের অঙ্গগুলো এইরূপ—

আমার অমৃতোপম কথাশ্রবণে শ্রদ্ধা, সর্ব্বদা আমার গুণগানকীর্ত্তন, আমার পূজায় সম্যক্ নিষ্ঠা, নানাবিধ স্তুতি দ্বারা আমার স্তব করা, আমার পরিচর্য্যায় আদর, সর্ব্বাঙ্গের সহিত আমাকে নমস্কার এবং আমার ও আমার ভক্তের পূজা হইতেও শ্রেষ্ঠ সর্ব্বভূতেই আমার সত্তা দর্শন।—"মদ্ভক্তপূজাভ্যধিকা

সর্ব্বভূতেষু মন্মতিঃ।"

তৎ সাধনভূতা গুণসকল—

নিরপেক্ষতা প্রভৃতি গুণই মানুষের শ্রী। সুখদুঃখের প্রতি ঔদাসীন্যই যথার্থ সুখ। কাম-শোকাপেক্ষাই দুঃখ এবং বন্ধ ও মোক্ষের কারণ যিনি অবগত হইয়াছেন তিনিই প্রকৃত পণ্ডিত। অসন্তুষ্ট ব্যক্তিই দরিদ্র, অজিতেন্দ্রিয় পুরুষই কৃপণ, বিষয়ে অনাসক্ত পুরুষই যথার্থ স্বাধীন, এবং বিষয়াসক্ত পুরুষই পরাধীন। তৎপর

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিলেন, "হে উদ্ধব! দোষগুণের আর অধিক বর্ণনার প্রয়োজন কি? শুধু এই মাত্র জানিলেই যথেষ্ট হইবে যে গুণ ও দোষের যে জ্ঞান তাহারই নাম দোষ এবং এতৎ উভয়ের বর্জ্জনই গুণ—

"কিং বর্ণিতেন বহুনা লক্ষণং গুণদোষয়োঃ।
গুণদোষদৃশির্দোষো গুণস্তূভয়বর্জিতঃ॥" (ভাঃ ১১।১৯।৪৫)

সসীম মন, অসীমের ধারণা করিতে পারে না। তাই নির্গুণ পরব্রহ্মের ধ্যান ধারণা অপেক্ষা সগুণ ঈশ্বর রূপ এবং তাঁহার অবতার রূপের উপাসনাই উপাসনার সহজ পন্থা—বৈষ্ণবগণ এই সহজপন্থাই অবলম্বন করিয়া থাকেন।

যাবতীয় অবতার রূপের মধ্যে শ্রীকৃষ্ণ অবতারই শ্রেষ্ঠ—"কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্"—অবতার রূপের উপাসনা যেমন সহজ, তেমনই সর্ব্বাপেক্ষা শীঘ্র ফলপ্রদ। অবতার দেহ সিদ্ধ দেহ। যে কোন ভাব অবলম্বনে ইহাতে মন সন্নিবিষ্ট করিতে পারিলে চিত্তের নির্মলতা অতি সহজেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্মিয়া থাকে এবং অহং বুদ্ধিরূপ ক্ষুদ্রতা দূর হইয়া যায়—অনন্তরূপে ইহার প্রসারতা জন্মায়। এই অবস্থায় আপনা হইতেই পরাভক্তির উদয় হইয়া সাধকের চিত্ত লয় করতঃ পরব্রহ্মের সহিত একতা প্রাপ্ত করায়। তাই নিম্বার্কীয় বৈষ্ণবগণ পরব্রহ্মরূপী শ্রীকৃষ্ণকে উপাস্যরূপে গ্রহণ করেন। অবতাররূপী শ্রীকৃষ্ণে সাধকের চিত্ত তন্ময়তা প্রাপ্ত হইলে গোলোকাধিপতিরূপ এবং সর্ব্বময় ও সর্ব্বাতীত ঈশ্বররূপ ও গুণাতীত গুণাশ্রয় অমূর্ত্ত পরব্রহ্মরূপ আপনা হইতেই সাধকের নিকট প্রকাশিত হয় এবং সর্বত্র ব্রহ্মদর্শন ঘটে। ইহাই চরম অবস্থা বা পরামোক্ষাবস্থা।

আমরা পূর্ব্বে বলিয়াছি যে কোন ভাবে তাঁহাতে মন সংলগ্ন করিতে পারিলেই কৃতকৃতার্থ হওয়া যায়—যায় যে সে সম্বন্ধে দেবর্ষি নারদের উক্তি—

"গোপ্যঃ কামাদ্ ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
সম্বন্ধাদ্ বৃষ্ণয়ঃ স্নেহাদ্ যূয়ং ভক্ত্যা বয়ং বিভো॥"

(ভাঃ ৭।১।৩০)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—এমনকি বৈরভাবেও তাহার সহিত সম্বন্ধ স্থাপিত হইলে চিত্ত নিষ্পাপ হইয়া তাহাকে প্রাপ্ত হইয়া থাকে।

যেমন ভক্তির দ্বারা তদ্রূপ কাম দ্বেষ অথবা ভয়ের দ্বারা চালিত হইয়া ঈশ্বরে চিত্ত সংলগ্ন করাতে যে বহুলোক নিষ্পাপ হইয়া ভগবদ্‌গতি লাভ করিয়াছেন তাহার দৃষ্টান্ত বহু। যেমন—গোপীগণ কামবৃত্তিতে, কংস ভয়হেতু, শিশু-পালাদি দ্বেষ নিবন্ধন, যাদবগণ নিকট কুটুম্বিতা বশতঃ। তোমরা স্নেহবশতঃ এবং আমরা (ঋষিগণ) তাঁহাকে ভক্তিবলে লাভ করিয়াছি। অতএব যেন তেন প্রকারেণ চিত্ত ভগবানে নিবিষ্ট হইলেই কৃতকৃতার্থতা লাভ করা যায়। সিদ্ধদেহ অবতার রূপের উপাসনার ইহাই বৈশিষ্ট্য। তবে এই অবতার-রূপী শ্রীকৃষ্ণ শুধু মানুষীরূপী নন। তদতীত পরব্রহ্ম রূপ তাঁহার স্বরূপ। এই কথা বুঝিতে না পারিলে সগুণ সাকার উপাসনা—অবতাররূপী ভগবানের উপাসনা ব্যর্থ হইবে। তাই দেখি, শ্রীকৃষ্ণঃ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বয়ং গোপিকাগণকে নিজের স্বরূপতত্ত্বের উপদেশ এইরূপ ভাবে করিয়াছেন—

"অহং হি সর্ব্বভূতানামাদিরন্তোঽন্তরং বহিঃ।
ভৌতিকানাং যথা খং বার্ভূর্বায়ুর্জ্যোতিরঙ্গনাঃ ॥"

(১০।৮২।৪৫)

—"হে অঙ্গনাগণ! ভৌতিক পদার্থমাত্রই যেমন আকাশাদি পঞ্চমহাভূতাত্মক, তদ্রূপ আমি জীবের (কারণরূপে আদিতে) দেহরূপে বাহিরে এবং অন্তর্য্যামী রূপে অন্তরে বিরাজিত আছি। ইহার স্পষ্টী-করণ করিতে যাইয়া আরও বলিলেন, আকাশাদি পঞ্চ মহাভূত (উপাদানরূপে) সমস্ত দেহে বর্ত্তমান আছে এবং আত্মা (জীবাত্মা) ভোক্তারূপে সর্ব্বত্র বিদ্যমান। পরন্তু এতৎ উভয় জড় ও চেতনকে (জীবাত্মা ও ভূতগ্রামকে) অক্ষর পরমাত্মরূপ আমাতেই প্রকাশিত বলিয়া তোমরা দর্শন কর।" অতএব জীব ও জগতের মিথ্যাত্ব ভাগবত সিদ্ধান্ত নহে। সম্প্রদায়ের আচার্য্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিম্বার্ক স্বামীও অতি সংক্ষেপে এই বেদান্ত সিদ্ধান্ত নিম্নলিখিতরূপে ব্যক্ত করিয়াছেন।

"সর্ব্বং হি বিজ্ঞানমতো যথার্থকং
শ্রুতিস্মৃতিভ্যো নিখিলস্য বস্তুনঃ।
ব্রহ্মাত্মকত্বাদিতি বেদবিন্মতং
ত্রিরূপতাঽপি শ্রুতিসূত্রসাধিতা।"

(বেদান্ত কামধেনু-১)

—এতৎ সমস্তই বিজ্ঞানময়। অতএব যথার্থ। কারণ এই নিখিল বিশ্ব ব্রহ্মাত্মক বলিয়া শ্রুতি, স্মৃতি সর্ব্বত্র প্রমাণিত করিয়াছেন। ইহাই বেদজ্ঞদিগের অভিমত। আর ব্রহ্মের ত্রিরূপতাও (প্রকৃতি, পুরুষ ও ঈশ্বরত্ব) শ্রুতিগণ স্থাপন করিয়াছেন।

শ্রীকৃষ্ণই নিম্বার্ক সম্প্রদায়ের উপাস্য। তাই আচার্য্য বলিতেছেন—

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নান্যা গতিঃ কৃষ্ণ-পদারবিন্দাৎ।
সংদৃশ্যতে ব্রহ্মশিবাদিবন্দিতাৎ।
ভক্তেচ্ছয়োপাত্তসুচিন্ত্যবিগ্রহা-
-দচিন্ত্যশক্তেরবিচিন্ত্যশাসনাৎ॥" (ঐ ৮)

—ভক্তগণের কল্যাণার্থ যিনি সুচিন্ত্য বিগ্রহরূপ ধারণ করিয়াছেন, যাঁহার মহিমা অপার, যাঁহার শক্তির ইয়ত্তা নাই, সেই অচিন্ত্য জগৎ-শাস্তা শ্রীকৃষ্ণের ব্রহ্মশিবাদি-বন্দিত চরণকমল ভিন্ন জীবের আর অন্যগতি থাকা দৃষ্ট হয় না।

উপাসনায় যে সিদ্ধি তাহা কৃপাসাপেক্ষ—নিরপেক্ষ নহে। কৃপা বর্ষণের উপযুক্ত ক্ষেত্র কিরূপ তাহাও আচার্য বলিয়াছেন—

"কৃপাঽস্য দৈন্যাদিযুজি প্রজায়তে
যয়া ভবেৎ প্রেমবিশেষলক্ষণা।
ভক্তি র্হ্যনন্যাধিপতে র্মহাত্মনঃ
সা চোত্তমা সাধনরূপিকাঽপরা॥" (ঐ ৯)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—দৈন্যাদিগুণযুক্ত পুরুষে ভগবানের কৃপা উপজাত হয়। এই কৃপা হইতে সেই সর্ব্বেশ্বর পরমাত্মাতে প্রেম-বিশেষরূপ ভক্তি জন্মিয়া থাকে। এই ভক্তি দুই প্রকার—(১) সাধনরূপিকা, অপরা ভক্তি (২) অপর উত্তম পরাভক্তি। ভক্তি যে উপাসনার মূল উপাদান সেই উপাস্যের স্বরূপও নিম্বার্ক স্বামী বর্ণনা করিয়াছেন।

"স্বভাবতোঽপাস্ত-সমস্ত-দোষ-
মশেষ-কল্যাণগুণৈকরাশিম্।
ব্যূহাঙ্গিনং ব্রহ্ম পরং বরেণ্যং
ধ্যায়েম কৃষ্ণং কমলেক্ষণং হরিম্॥" (ঐ ৪)

—যিনি স্বভাবতঃ সর্ব্বপ্রকার দোষবর্জ্জিত, অশেষ প্রকার কল্যাণজনক গুণসকল যাহাতে বিদ্যমান। চতুর্ব্যূহ যাঁহার অঙ্গ। যিনি সকলের বরেণ্য পরব্রহ্ম। যাঁহার নেত্র কমলের ন্যায়, সেই কৃষ্ণরূপ হরিকে ধ্যান করি। অপরূপ এই রূপ। সাকারে নিরাকারে, সৌন্দর্য্য মাধুর্য্যের অপূর্ব্ব সমাহার এই মূর্ত্ত রূপে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই শ্রীকৃষ্ণই নিম্বার্ক সম্প্রদায়ের উপাস্য। কিন্তু তাহা হইলেও সশক্তিক শ্রীকৃষ্ণের উপাসনা এই সম্প্রদায়ে প্রচলিত। শক্তি বলিতে এখানে শ্রীরাধিকাকে বোঝায়, তাই রাধাকৃষ্ণের যুগল উপাসনা। শক্তিমানেরই শক্তি। উভয়ে অভেদ তত্ত্ব। এই শক্তিও ভক্তের প্রতি কৃপা-পরবশ বিগ্রহ রূপ ধারণ করে। সেই বিগ্রহরূপী শক্তিই শ্রীরাধা। তাহার স্বরূপ বেদান্ত কামধেনুতে এইরূপ বর্ণিত হইয়াছে—

"অঙ্গে তু বামে বৃষভানুজাং মুদা
বিরাজমানামনুরূপ-সৌভগাম্।
সখীসহস্রৈঃ পরিসেবিতাং সদা
স্মরেম দেবীং সকলেষ্টকামদাম্॥"

—ইহার বামাঙ্গে প্রসন্নবদনা বৃষভানু-সুতা বিরাজমানা আছেন। ইনি শ্রীকৃষ্ণের অনুরূপ সৌন্দর্য্যাদিগুণ-বিশিষ্টা এবং সহস্র সখী ইহার সেবায় সদা নিযুক্তা। এবম্ প্রকার সর্ব্বাভীষ্ট-প্রদায়িনী দেবীকে ধ্যান করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীনিম্বার্ক সম্প্রদায়ের সংক্ষিপ্ত ইতিবৃত্ত, শ্রুতি, স্মৃতি, পুরাণ, নিখিল শাস্ত্রসম্মত সাম্প্রদায়িক সিদ্ধান্ত, সিদ্ধান্তকে জীবনে রূপায়িত করিবার জন্য যে ইষ্টের সাধনা, তাঁহার স্বরূপ, সাধনরূপ ভজনের অঙ্গসমূহ এবং ভজনের ফল যে ভগবৎ ভাবাপত্তিরূপ মোক্ষ তৎ সম্বন্ধে কিছু আলোচনা করা গেল।

এক্ষণে বক্ষ্যমান গ্রন্থের বিষয়বস্তু সম্বন্ধে কিছু বলা যাইতেছে।

শ্রী ১০৮ স্বামী সন্তদাস বাবাজী মহারাজ এই নিম্বার্ক সম্প্রদায়ের অন্যতম সিদ্ধ মহাত্মা। ব্রহ্মবিদ্ ব্রহ্মবিদ্-বরীয়ান্। অত্যদ্ভুত তাঁহার জীবনের কার্য্যাবলী। বাল্যকাল হইতে পরমার্থ সাধনায় সিদ্ধিলাভ পর্য্যন্ত তাঁহার জীবন পর্য্যালোচনা করিলে বিস্ময়ের সীমা পরিসীমা থাকে না। কি বাল্যে, কি কৈশোরে, কি পঠদ্দশায়, কি কর্মক্ষেত্রে, কি গৃহস্থাশ্রমে সর্ব্বত্রই তাঁহার অনন্যতা দৃষ্ট হইয়া থাকে। এই অনন্যতার মূলে রহিয়াছে পুরুষোচিত বীর্য্যবত্তা—

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৌরুষ। পৌরুষই তাঁহাকে জীবনের সর্ব্বক্ষেত্রে কৃত-কার্য্যতার সুউচ্চ শীর্ষে উন্নীত করিয়াছে। ভগবান্ গীতায় বলিয়াছেন—"পৌরুষং নৃষু"—মানুষের মধ্যে আমি পৌরুষ। অতএব পৌরুষ অর্থ মিথ্যা অহং অভিমান নহে। যে পৌরুষের মূল স্বয়ং ভগবান্ সেখানে কৃপা ও পুরুষকারের অনন্যতা স্বীকার না করিয়া উপায় কি ?

এই পৌরুষ যেমন দেখি তাহার গৃহস্থজীবনের কর্মক্ষেত্রে, তেমন দেখি তাঁহার সাধনজীবনে। সাধনায় সিদ্ধি দুশ্চর তপস্যার ফল। সেই চলার পথ বন্ধুর—কুসুমাস্তৃত নহে—কণ্টকাবৃত।

শ্রুতির ভাষায়—

"ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি"।

—ক্ষুরের শোণিতধারা যেমন দুরতিক্রমণীয়, তেমনই সেই তত্ত্বজ্ঞানলাভের পথকেও পণ্ডিতগণ দুর্গম বলিয়াছেন। শ্রী১০৮ স্বামী সন্তদাস বাবাজী মহারাজ কি কঠোর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধনায় সেই দুর্গম পথ অতিক্রম করিয়াছেন, তাঁহার স্বহস্তলিখিত সাধন সময়ের দিনলিপিতে দেখিতে পাই। সাধক জীবনের এইরূপ বাস্তব চিত্র সিদ্ধির এমন মনোরম ব্যাখ্যান অধ্যাত্ম পথের যাত্রীমাত্রকেই যাত্রাভঙ্গের ভীতি হইতে রক্ষা করিয়া পথের সুস্পষ্ট নির্দেশ দানে কৃতার্থ করিবে। ইহা তাঁহার সাধন সময়কার সম্পূর্ণ দিনলিপি নহে। তাহা হইলেও যতটুকু পাওয়া গিয়াছে, তাহাই তাঁহার সাধনের দুশ্চরতা এবং সিদ্ধির অপূর্ব্বতার বার্ত্তা বহন করিয়া আনিয়াছে। পাঠকপাঠিকা পাঠে প্রবৃত্ত হইয়া যতই অগ্রসর হইবেন ততই আমাদের কথার সত্যতা উপলব্ধি করিতে পারিবেন।

ঐই সন্তদাস বাবাজী মহারাজেরই মানস কন্যা তাঁহার কৃপাধন্য শ্রীশ্রী১০৮ শোভা মা। তাঁহারও জীবন, সিদ্ধির অপূর্ব্বতায় মহনীয় ও বহনীয়। গুরুকৃপার এমন প্রত্যক্ষ প্রমাণ বড়ই বিরল। আজ তাঁহার আবির্ভাবের পঞ্চাশতমের পুণ্যতিথি। তদ্ উপলক্ষে তাঁহার পূর্ব্বা-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চার্য্যদের স্মরণ ও মননে প্রবৃত্ত হইয়া এই প্রাক্-কথন অবশেষে তাঁহার অলৌকিক লীলাকাহিনীর বাস্তব চিত্র মানসচক্ষে দর্শন করিতে করিতে আমাদের বক্তব্য শেষ করিলাম। প্রার্থনা, আদিগুরু হংস ভগবান হইতে শ্রীশ্রীমা অবধি সকল আচার্য্যগণই আমাদের অধ্যাত্ম জীবনের সাধনায় কৃপাবারি বর্ষণ করিয়া তাহা সার্থক করিয়া তুলুন।

ওঁ তৎ সৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ হরিঃ

পথের নির্দ্দেশ

হিন্দুজাতির অভ্যুদয় সময়ে ধর্ম্মই ভারতবাসীর প্রাণ-স্বরূপ ছিল, ইহার দ্বারাই ভারতবাসী এককালে পৃথিবী-মণ্ডলে সর্ব্বাপেক্ষা অধিক গৌরবান্বিত হইয়াছিলেন। ভারতবাসীর সাংসারিক সুখস্বচ্ছন্দতাও এককালে প্রভূত পরিমাণে ছিল সন্দেহ নাই—কিন্তু তৎসমস্তই তাহাদের ধর্ম্মোৎকার্ষের ফলস্বরূপ ছিল; সাংসারিক সুখ তাহাদের জীবনের মুখ্য উদ্দেশ্য ছিল না। ধর্ম্ম হইতে ভ্রষ্ট হওয়াতেই ভারতবাসীর অধঃপতন ঘটিয়াছে, সাংসারিক সুখও তাহাদের বিদূরিত হইয়াছে এবং এই যে পরাধীনতা, যাহা ভারতীয় যুবকগণ এক্ষণে অসহনীয় বোধ করিতেছেন, তাহা এই ধর্ম্মচ্যুতিরই ফল।

আমার দৃঢ় বিশ্বাস এই যে ধর্ম্ম হইতে চ্যুতিই ভারতবর্ষের অধঃপতনের মূল হেতু। কোন কোন পুরুষের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভ্যুদয় অধর্ম্মাচারণ দ্বারাও বিনষ্ট হয় না, ইহা অনেক সময় দেখিতে পাওয়া যায় সত্য, কিন্তু তাহা সম্ভবতঃ যে পুরুষ ধার্ম্মিক, অধর্ম্মাচরণ তাঁহার কখনও সহ্য হয় না। ইহাতে বিস্মিত হইবার কারণ নাই। যে ব্যক্তি স্বভাবতঃ মলিন, তাহাকে অপর মলিন বস্তু সহজে মলিন করিতে পারে না; কিন্তু স্বভাবতঃ যে ব্যক্তি বিশুদ্ধ তিনি সহজেই অপবিত্র বস্তুসংস্পর্শে মলিন হইয়া পড়েন। ভারতবাসীর প্রকৃতি স্বভাবতঃ ধর্ম্মানুকূল্য বিধাতৃপুরুষের ভারতবাসীর প্রতি এইটি বিশেষ কৃপা। ঈশ্বর-প্রদত্ত এই বিশেষ কৃপার অসম্মান যতদিন ভারতবাসী করিবেন, ততদিন যে তিনি নিদারুণ বিধিনিগ্রহ প্রাপ্ত হইবেন ইহাতে আর বিচিত্রতা কি আছে?

অধিকাংশ স্থানে দরিদ্রের প্রতি ধনীর এবং ধনীর প্রতি দরিদ্রের, প্রজার প্রতি ভূস্বামীর এবং ভূস্বামীর প্রতি প্রজার, প্রভুর প্রতি ভৃত্যের এবং ভৃত্যের প্রতি প্রভুর এবং সাধারণতঃ ক্ষমতাহীনের প্রতি ক্ষমতাশালীর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং ক্ষমতাশালীর প্রতি ক্ষমতাহীনের যে ব্যবহার এই দেশে এক্ষণে দৃষ্ট হয় তাহা পরীক্ষা করিয়া দেখিলে ধর্ম এই দেশে কোনকালে ছিলেন বলিয়া বোধ হয় কি? কিন্তু আমরা এই দেশের লোকের প্রকৃতি এক্ষণে যেরূপ দেখিতেছি তাহাতে তাহাদিগকে কি বিধাতৃ-পুরুষের বিচারে আমরা কোন প্রকার সুখ ও অভ্যুদয় সম্পন্ন হইবার যোগ্য বলিয়া মনে করিতে পারি? সর্ব্ব বিষয়ে স্বাধীনতা সকলেই বাঞ্ছা করে ইহা সত্য এবং পরাধীনতা অশেষবিধ দুঃখের ও অনর্থের হেতু ইহাও সত্য; কিন্তু পরাধীনতা আমাদের কর্ম্মের ফলে প্রাপ্ত হইয়াছি ইহা স্বীকার করিতেই হইবে; আমরা এখানে যেরূপ স্বার্থপর পরস্পর বিদ্বেষী এবং সঙ্কীর্ণ হৃদয় ও কপটাচারী, তাহাতে যে কোন প্রকার স্বাধীনতা পাইলেও তাহার উপযুক্ত ব্যবহার করিতে পারিব না।

আমরা দুর্ব্বল ও ধর্ম্মচ্যুত হওয়াতে কেহ কাহারো প্রতি বিশ্বাস স্থাপন করিতে পারি না এবং সম্পূর্ণ বিশ্বাসের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাত্র হইতে অনেকেই সম্পূর্ণ অযোগ্য, সুতরাং বর্তমান অবস্থায় একতা আমাদের মধ্যে অসম্ভব। অতএব রাজনৈতিক আন্দোলন এক্ষণে যে প্রকারে এদেশে চলিয়াছে তাহাতে যে দেশের যথার্থ-মানে সাধন করিতে পারিবে এইরূপ বিশ্বাস করিবার কারণ দৃষ্ট হইতেছে না। পক্ষান্তরে এই আন্দোলন এক্ষণে দস্যুতায় পরিণত হইয়া দেশের অশান্তি অধিক পরিমাণে বর্দ্ধিত করিয়াছে মাত্র। অতএব যাহাতে এতদ্দেশীয় যুবকবৃন্দ সন্দিগ্ধ দল রাজ-নৈতিক আন্দোলন পরিত্যাগ করিয়া, হিন্দুদিগের ঐহিক ও পারলৌকিক গৌরব ও অভ্যুদয়ের মূলীভূত কারণ অনুষ্ঠানে প্রবৃত্ত হয়েন তদ্বিষয়ে অবহিত হওয়া সর্ব্বাগ্রে বিশেষ প্রয়োজন। পরন্তু শাস্ত্রীয় উপদেশ অনুসারে বিহিত কার্যকরণে প্রবৃত্ত হইয়া যাহাতে হিন্দুজাতি নির্ম্মলতা লাভ করিতে পারে তদ্বিষয়ে সমাজকে উৎসাহিত করাই এই গ্রন্থের মূল উদ্দেশ্য।

মনে রাখিতে হইবে তপস্যা ভিন্ন এই ভারতভূমিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কখন কেহ স্থায়ী উন্নতি লাভ করে নাই। তপস্যার দ্বারা চিত্ত নির্ম্মাণ হইলে বিধাতৃপুরুষের প্রসন্নতা লাভ করা যায়। তিনি প্রসন্ন হইলে জীবের অপ্রাপ্তব্য কিছুই থাকে না। এইক্ষণে সেই সনাতন পন্থা অবলম্বনপূর্ব্বক আপনাদের চরিত্রগঠন না করিয়া, জনসমাজের চিত্ত সংশোধিত করিতে প্রযত্ন না করিয়া বলপূর্বক রাজনৈতিক স্বাধীনতালাভের প্রয়াস ও আশাপূর্ণ হইবার কোন সম্ভাবনা দেখা যাইতেছে না। সকল কার্য্যেরই পন্থা আছে, এক দেশে যে প্রণালী ফলদানে সমর্থ, অপর দেশে তাহা ফলদানে সমর্থ হয় না, ইহা মনে রাখিয়া কার্য্যে প্রবৃত্ত হওয়া উচিত। ধর্ম্মসাধনই ভারতবাসীর প্রকৃতগত বিশেষত্ব। এই দেশে প্রাচীনকাল হইতে আধুনিককাল পর্য্যন্ত যখন যিনি কোন মহৎ কর্ম্ম সম্পাদন করিয়াছেন, তখন তিনি ধর্ম্মবলেই তাহা সম্পাদন করিয়াছেন। রাজনৈতিক ব্যাপারে সকলও এই নিয়মের বহির্ভূত নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাভারতাদি গ্রন্থে উল্লিখিত আছে যে শ্রীভগবদবতার কৃষ্ণার্জ্জুনও স্বয়ং তপশ্চরণ করিয়া বরলাভান্তে অভীপ্সিত কর্ম্ম সম্পাদন করিয়াছিলেন। কথিত আছে শ্রীরামচন্দ্র স্বয়ং দেবীর আরাধনা করিয়া বরলাভান্তে রাবণ বধ করিতে অগ্রসর হয়েন। ভারতবর্ষে এই প্রণালীই চিরপ্রচলিত। ইহার ফল এই যে অপরের অসাধ্য কর্ম্ম সম্পাদন করিলেও অহংভাব উপজাত হয় না, কারণ কর্ম্মকর্ত্তা জানেন যে ইহা তাহার নিজের ক্ষমতায় সিদ্ধ হয় নাই। সামাজিক ব্যাপারে অনহংকৃত চিত্তে বৈধ ভাব অবলম্বন করিয়া কর্ম্ম করাই যুব ও আর্য্যভাব, ইহাই ভারতীয় আদর্শ। এই আদর্শ পরিত্যাগ করিয়া আসুরিক ভাব অবলম্বনে এই দেশের ইষ্ট সাধিত হইবে না। আসুরিক ভাবসম্পন্ন হইয়া কোন প্রকার রাজনৈতিক স্বাধীনতা লাভ করাও বাঞ্ছনীয় নহে। যেমন দুর্বৃ'ত্ত পুরুষ সম্পূর্ণ স্বাধীন হইলে সে তাহার ও প্রতিবাসীর অকল্যাণ সাধনের হেতু হয়, তদ্রূপ অধর্ম্মনিরত জাতিও স্বাধীনতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাভ করিলে, ইহা তাহার কল্যাণ সাধনের হেতু না হইয়া বরং অকল্যাণেরই হেতু হইয়া থাকে। অতএব যাহাতে আমাদের প্রাচীন সনাতন ধর্ম্মানুষ্ঠান বৃদ্ধিপ্রাপ্ত হইয়া পবিত্র নির্ম্মল হয়, অন্তঃকরণ উদার ও প্রশস্ত হয় তদ্বিষয়ে সর্বতোভাবে এক্ষণে চেষ্টা করা কর্ত্তব্য।

সাম্যবাদ কথাটী আজকাল যত্রতত্র ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু যথার্থ সাম্যবাদ কি, এবং আর্য্য ঋষিগণ এই সাম্যবাদের প্রয়োগ, গৃহ সমাজ রাষ্ট্রে কিভাবে করিতেন— তাহা এক্ষণে দেখা যাউক। "বর্ত্তমান সমাজে অনেক প্রকার কুসংস্কার আছে সন্দেহ নাই কিন্তু তৎসঙ্গে অনেকগুলি সুসংস্কারও বিদ্যমান আছে, তদ্দ্বারা সমাজের পবিত্রতা এবং স্বাতন্ত্র্য অনেক পরিমাণে রক্ষিত হইতেছে। বিদেশীয় ভাবের অনুকরণ ইচ্ছায় সমাজবন্ধন শিথিল করিলে তাহার ফল শুভজনক হইবে বলিয়া প্রতীতি হয় না, কারণ তাহাতে ভারতবাসীর ধর্ম্মপ্রাণতা বিনষ্ট হইয়া সামাজিক গৌরব কেবল ধনপ্রাধান্যের উপরই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থাপিত হইবে বলিয়া আশঙ্কা করিবার মূল দৃষ্ট হয়। সুতরাং এতদ্দেশীয় সমাজের বর্ত্তমান ভিত্তি ভগ্ন করিলে, তাহা স্বীয় স্বাতন্ত্র্যরহিত হইয়া অপবিত্রতাপূর্ণ হইবারই সম্ভাবনা অধিক। এবং পাশ্চাত্ত্য প্রদেশে সমাজসকল ন্যূনাধিক পরিমাণে যে সার্ব্বজনীন প্রতিদ্বন্দ্বিতার উপর স্থাপিত—তাহাই যে সর্ব্বশ্রেষ্ঠ সামাজিক আদর্শ তাহাও স্বীকার করিতে পারা যায় না। এই প্রতিদ্বন্দ্বিতার সঙ্গে সঙ্গে বিরোধ ও অশান্তি অবশ্যম্ভাবী। ইহার ফল আর্থিক বিষয়েও অপেক্ষাকৃত অল্পসংখ্যক লোকের অতিশয় শ্রীবৃদ্ধি এবং অপর সাধারণের অতিশয় দরিদ্রতা। পাশ্চাত্য সমাজের বাহ্য চাকচিক্য তত্তৎ সমাজের অপেক্ষাকৃত অতি অল্পসংখ্যক লোকেরই শ্রীবৃদ্ধির পরিচায়ক। এই বাহ্য চাকচিক্য দেখিয়া বাহিরের লোক ইহার আভ্যন্তরিক শোচনীয় অবস্থা সহজে বোধগম্য করিতে পারে না, অতএব পাশ্চাত্য প্রদেশবাসীগণকে বর্ত্তমানে (জাগতিক) অভ্যুদয়সম্পন্ন দেখিয়া বিশেষ বিচার না করিয়াই ভারত-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসীর পক্ষে সর্ব্ববিষয়ে তাহাদের অনুকরণ করিতে প্রয়াস করা উচিত নহে। বিশেষতঃ ইহাও স্মরণ রাখা কর্ত্তব্য যে পাশ্চাত্য প্রদেশে সভ্যতা এবং অভ্যুদয় অতি অল্পকাল মাত্র প্রবর্ত্তিত হইয়াছে। ইহা দুই তিন শত বর্ষের অধিককাল যাবৎ স্থাপিত হয় নাই। ইতিমধ্যেই ইহার ক্ষয়ের চিহ্নসকল সুস্পষ্টরূপে লক্ষিত হইতে আরম্ভ করিয়াছে। সুতরাং যুগযুগান্তর হইতে অটল পর্ব্বতের প্রায় অবস্থিত ভারতীয় সমাজের পক্ষে এই অল্পকাল স্থায়ী সভ্যতা সর্ব্বথা অনুকরণীয় নহে।

সর্ব্ববিষয়ে সকল মনুষ্যের সমত্বই পাশ্চাত্য প্রদেশের বর্ত্তমান সামাজিক ও রাজনৈতিক আদর্শ। পূর্ব্বে উল্লিখিত প্রতিদ্বন্দ্বিতা অনেক পরিমাণে ইহা হইতে উৎপন্ন এবং ইহাতে প্রতিষ্ঠিত। সকল মনুষ্যের সমান অধিকার এই কথাটি শুনিবামাত্র অনেকেরই মনে উৎসাহ ও আনন্দ বর্দ্ধিত হইয়া থাকে সন্দেহ নাই। যে দেশে স্থাবর জঙ্গম সকলের প্রতি অনাদিকাল হইতে সমবুদ্ধির শ্রেষ্ঠতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘোষিত হইয়াছে সেই দেশে পূর্ব্বোক্ত মত যে অনেকে উৎসাহের সহিত গ্রহণ করিবেন ইহা স্বাভাবিক। পরন্তু ইহা স্মরণ রাখা কর্তব্য যে বৈদান্তিক সমত্ব জ্ঞানগত পারমার্থিক সমত্ব, ইহা ব্যবহার বিষয়ে সর্ব্বজীবের অধিকারগত সমত্বের বোধক নহে।

শক্তির বিভিন্নরূপ বিকাশ হইতেই জগৎ সৃষ্ট হইয়াছে। বিষবৃক্ষে যে শক্তি নিহিত আছে, জগৎকর্তা অমৃত বৃক্ষে ঠিক তাহার বিপরীত শক্তি সংযোজিত করিয়াছেন; সুতরাং অন্তর্নিহিত শক্তির অনন্ত প্রভেদ হেতু তৎফলে ভিন্ন ভিন্ন জীবের অধিকারেরও প্রভেদ অবশ্যম্ভাবী। মনুষ্য, পশু, পক্ষী, কীট-পতঙ্গ সকলেরই জীবাত্মবিষয়ে সাম্য আছে সকল জীবই ঈশ্বর সৃষ্ট কিন্তু তন্নিমিত্ত সকল জীবের অধিকার সমান হইবে ইহা কোন বুদ্ধিমান পুরুষ স্বীকার করিবেন না। সুতরাং মানুষের মধ্যেও শক্তিগত অনন্ত প্রভেদ থাকাতে মনুষ্যত্ব এবং অপরাপর অনেক বিষয়ে সকলের সাম্য থাকিলেও অধিকার বিষয়ে কখনও সকলের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাম্য হইতে পারে না। শক্তির প্রভেদ হেতু কর্ম্মের প্রভেদ অবশ্যম্ভাবী। অধিকার কর্ম্মেরই ফল, সুতরাং তাহারও প্রভেদ অবশ্যম্ভাবী। অতএব সকল মনুষ্যের সমান অধিকার বিষয়ক মতের মূলে কোন বৈজ্ঞানিক ভিত্তি নাই, ইহা কেবল ক্ষণস্থায়ী ভাবুকতা ও অসার কল্পনার উপর স্থাপিত। যে সকল দেশে সামাজিক ও রাজনৈতিক সংস্কার-সকল অতি বহুল পরিমাণে এই সমান অধিকার বিষয়ক মতের উপর স্থাপিত, সেই সকল দেশেও অধিকারের সমত্ব কেবল নামে মাত্র—কার্য্যে নহে। কার্য্যতঃ অধিক বলশালী অতি অল্প সংখ্যক পুরুষই উচ্চ অধিকার সকল লাভ করেন, অপরে উহাদের অনুবর্ত্তী হইয়া থাকে। অতএব এই অপ্রকৃত মতের উপর নির্ভর করিয়া কোন স্থায়ী সমাজ গঠন করা যাইতে পারে না। ভারতবর্ষের প্রাচীন সামাজিক আদর্শ জাতিভেদ। বিশেষ বিশেষ কর্ম্মশক্তির প্রতি লক্ষ্য করিয়া মনুষ্যসকলকে বিশেষ বিশেষ জাতিতে বিভক্ত করা এবং তাহাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশেষ বিশেষ অধিকার নির্বাচন করাই আর্য্য ঋষিদের প্রদর্শিত সমাজ গঠনের উৎকৃষ্ট প্রণালী। অধিক উচ্চ শক্তিশালীর প্রতি ভক্তি ও শ্রদ্ধা, সমকক্ষের প্রতি সখ্য প্রেম ও মর্য্যাদা, অল্প শক্তিশালীর প্রতি দয়া ও স্নেহ-ইহাই ভারতের সামাজিক আদর্শ, ভারতীয় সামাজিক ব্যবহার তদুপরেই প্রতিষ্ঠিত। শক্তি বিষয়ে অপরের সমকক্ষ না হইয়াও সিদ্ধকল্পে তাহার সহিত সমকক্ষ বুদ্ধিপোষণ করা এবং মিথ্যাভিমান ধারণ করা ভারতীয় সামাজিক আদর্শ নহে।

যখন উচ্চাধিকার সকল পরিচালনের ভার অযোগ্য পুরুষে ন্যস্ত হয় এবং তাহার স্বার্থপরতা ও অত্যাচারে অপর লোক প্রপীড়িত হয়, তখন সমানাধিকার বিষয়ক মত প্রচারিত হইলে সাধারণ লোক তদ্দ্বারা উৎসাহিত হইয়া অত্যাচারীকে দণ্ডিত করিতে উত্তেজিত করিতে পারে এবং তদ্দ্বারা অন্য সময়েও কোন কোন বিষয়ে সাময়িক কল্যাণ সাধিত হইতে পারে, সন্দেহ নাই, কিন্তু নির্বিষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রীশ্রী১০৮ সন্তদাস বাবাজী মহারাজ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিত্তে বিচার করিলে প্রতীয়মান হয় যে, এই মতটি যথার্থপক্ষে এইরূপ উত্তেজনার সময়েও মনুষ্য সমাজের স্থায়ীভাবব্যঞ্জক নহে। ইহা বস্তুতঃ তৎকালেও একটি নিষেধসূচক স্বাভাবিক বৃত্তির বিকার মাত্র। বিশেষ শক্তিমত্ত্বা ও যোগ্যতা দ্বারা অপর হইতে শ্রেষ্ঠ না হইয়া নীতিবিরুদ্ধ উপায় অবলম্বনে অপর সকল হইতে শ্রেষ্ঠ অধিকার লাভ করা অথবা লাভ করিতে চেষ্টা করা ন্যায়-সঙ্গত নহে; ইহাই সেই নিষেধসূচক বৃত্তি যাহা স্বভাবতঃ সর্ব্ব মনুষ্যের অন্তরে নিহিত আছে। অধিকন্তু মনুষ্যমাত্রেরই ন্যূনাধিক পরিমাণে কতগুলি সাধারণ শক্তি ও কতগুলি অসাধারণ শক্তি আছে, সুতরাং তদনুযায়ী অধিকারও সকলেরই আছে; কোন বিশেষ ব্যক্তি যতই শক্তিশালী হউন তাহার পক্ষে অপরের ঐ সকল অধিকার লোপ করিতে প্রযত্ন করা অসঙ্গত, ইহা ত মনুষ্যমাত্রের একটি স্বভাবজাত ধারণা। এই ধারণাটিও প্রথমোক্ত বৃত্তির সহায় হইয়া অত্যাচার দমনে

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনুষ্যকে প্রবৃত্ত করে। পরন্তু অত্যাচারী পুরুষকে দণ্ডিত ও দমন করা মাত্রই উক্ত বৃত্তিদ্বয়ের কার্য্য। সেই কার্য্য সম্পন্ন হইয়া গেলে উক্ত সমানাধিকার বিষয়ক মত সমাজের সাধারণ লোকের আর বিশেষ কোন উপকার সাধন করিতে সমর্থ হয় না। অন্য সময়েও স্বভাবতঃ সজ্জন পুরুষ এই মতাবলম্বী হইলে তদ্দ্বারা কোন কোন স্থানে তাঁহার অপরের প্রতি মর্য্যাদা বুদ্ধি বৃদ্ধিপ্রাপ্ত হইতে পারে সন্দেহ নাই; কিন্তু সাধারণতঃ ইহা অযথা প্রতিদ্বন্দ্বিতার উল্লেখ করিয়া সমাজের ভাবশুদ্ধি ও শান্তি বিনষ্ট করে। অতএব এই অপ্রকৃত মতকে আদর্শস্বরূপ অবলম্বন করিয়া সমাজ গঠন করিতে প্রয়াস করা যুক্তিসঙ্গত নহে।

বুদ্ধিমান পুরুষ নিবিষ্টচিত্তে চিন্তা করিলে ইহা অবশ্যই বোধগম্য করিতে পারিবেন যে, ব্যবসা সকল জাতিতে বিভক্ত হইলে সার্বজনীন প্রতিদ্বন্দ্বিতা গ্রাস হইয়া সমাজের ভাবশুদ্ধি সাধিত হয় এবং সমাজে

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপেক্ষাকৃত অধিকতর শান্তি ও স্থিরত্ব প্রতিষ্ঠিত হয় এবং পুরুষানুক্রমে প্রাপ্ত বিদ্যা সহজে জন্মাবধি বালকদিগের মনে স্ফুর্তিপ্রাপ্ত হওয়াতে ইহার ক্রমিক উৎকর্ষ সাধন অপেক্ষাকৃত সহজ হয়। অধিকন্তু জাতি-সকল বাধ্য হইয়া পরস্পরের পোষক হওয়াতে কোন একটি শ্রেণী অপর কোন শ্রেণীকে একান্ত উপেক্ষাচক্ষে দর্শন করিতে সমর্থ হয় না এবং সমাজে ধনবৈষম্য ও দরিদ্রতা তত অধিক বৃদ্ধিপ্রাপ্ত হয় না। আপন আপন গৌরব রক্ষার্থে প্রত্যেক সম্প্রদায় আপন আপন শ্রেণীভুক্ত লোকের উন্নতি সাধন বিষয়ে বিশেষরূপে যত্নশীল হইতে সমর্থ হয় এবং প্রত্যেক জাতীয় সমাজ অপেক্ষাকৃত সীমাবদ্ধ ও অল্প সংখ্যক লোকের মিলনে গঠিত হওয়াতে প্রত্যেকেই আপন আপন নৈতিক উন্নতি সাধন বিষয়েও যত্নশীল হইতে অধিক সুবিধাপ্রাপ্ত হয়। সমাজ সকল পরস্পরের নিকট স্বীয় গৌরব রক্ষা করিতেও স্বভাবতঃ যত্নশীল হয়, সুতরাং তদ্দ্বারা প্রত্যেক সমাজের পবিত্রতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৃদ্ধিই প্রাপ্ত হয়। এবম্প্রকার নানাবিধ কারণে জাতিভেদ প্রথা একদা বর্জ্জন কেবল প্রতিদ্বন্দ্বিতার উপর পাশ্চাত্য প্রদেশীয় সমাজের ন্যায় সমাজ স্থাপন করিতে চেষ্টা করা সঙ্গত বলিয়া স্বীকার করা যায় না।"

বাবাজী মহারাজ তাহার অতুলনীয় 'ব্রহ্মবাদী ঋষি ও ব্রহ্মবিদ্যা' গ্রন্থে সনাতন হিন্দু ধর্ম্মের সারসংক্ষেপ এবং যাহা তাহার প্রত্যক্ষভূত সত্যানুভূতির ফল; তাহা সমাপ্ত করিতে যাইয়া বলিতেছেন,--"ভারতবাসী জনগণের প্রতি আমার বিনীত নিবেদন এই যে ভারতবর্ষ ধর্ম্মচ্যুত হইয়াই এই দুর্দ্দশাপঙ্কে নিমগ্ন হইয়াছে। যাহার যাহা স্বাভাবিক প্রকৃতি, তাহার উৎকর্ষ সাধন না হইলে সেই ব্যক্তির কখনও অভ্যুদয় হয় না। ভারতবাসী স্বভাবতঃ ধর্ম্মপ্রাণ। অপকৃষ্ট বস্তুর সংসর্গে যেমন সুবর্ণও পূতিগন্ধযুক্ত ও অস্পৃশ্য হয়, তদ্রূপ কালস্রোতে পতিত হইয়া বিপরীত প্রকৃতির সংসর্গে ভারতবাসীও এক্ষণে অস্পৃশ্যবৎ হইয়া পড়িয়াছেন,—কিন্তু কেবল বর্ত্তমান অবস্থাদর্শনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভারতবাসী হতাশ হইয়া পড়িবেন না। পশুরাজ সিংহও নিদ্রার দ্বারা কোন না কোন কালে নিশ্চয়ই অভিভূত হয়েন, তখন ক্ষুদ্র মণ্ডুকও তাহাকে জড়বৎ দর্শন করিয়া উপেক্ষা করিয়া থাকে। ভারতবাসীও এক্ষণে গাঢ় তামসিক নিদ্রায় অভিভূত। সুতরাং পৃথিবী-তলস্থ সকল জাতীয় লোকের নিকটই তাঁহারা পদদলিত ও উপেক্ষিত হইতেছেন। কিন্তু পশুরাজকে মৃত দেখিয়া যেমন তাহাকে মৃত বলিয়া কল্পনা করা সঙ্গত নহে, তিনি চিরকাল জড়বৎই আছেন বলিয়া সিদ্ধান্ত করা যেমন ভ্রান্ত, তদ্রূপ ভারতবাসীর বর্ত্তমান শারীরিক মানসিক নৈতিক ও আধ্যাত্মিক বিড়ম্বনা দর্শন করিয়া তাহাদিগকে চিরকালই এইরূপ অবস্থাপ্রাপ্ত বলিয়া সিদ্ধান্ত করা এবং তাহাদের পুনরায় অভ্যুদয় অসম্ভব বিবেচনা করাও অসঙ্গত এবং ভ্রান্ত। পরন্তু সুবর্ণ যেমন অগ্নিদাহ দ্বারাই স্বীয় সমুজ্জ্বল রূপ সম্যক্ লাভ করিতে সমর্থ হয়, অপর উপায় যেমন তৎসম্বন্ধে তদ্রূপ ফলপ্রদ হয় না,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদ্রূপ ভারতবাসীরও স্বাভাবগত প্রকৃতির প্রতি লক্ষ্য না করিয়া তাহাদিগকে উদ্বোধিত বিজাতীয় প্রণালী অবলম্বন করিলে সিদ্ধ মনোরথ হওয়া সম্ভবপর নহে। সকল কথা সকলের উপর সমান কার্য্য হয় না। একটি বিশেষ কথা আমাকে উদ্বোধিত করে, কিন্তু তাহা অপরের উপর কোন প্রকার কার্য্যই করিতে পারে না, আবার অপর একটি কথা অপরকে অতিশয় উৎসাহপূর্ণ করে, কিন্তু আমার উপর তাহা কোন প্রকার ফলোৎপাদন করিতে পারে না। নিদ্রিত পুরুষকে জাগরিত করিতে হইলে তাহার বিশেষ নাম ধরিয়া আহ্বান করিলে সে সহজেই জাগরিত হয়, অপর নামে তদ্রূপ হয় না। ইহা সংসারে সচরাচরই দৃষ্ট হইয়া থাকে। ভারতবাসীরও প্রকৃতিগত বিশেষত্বের প্রতি লক্ষ্য করিলে এই দুঃখ দারিদ্র্য ও যাতনার সময়েও ধর্ম্মপ্রাণতার্থ তাহাদের প্রকৃতিগতগুণ বলিয়া অনুমিত হয়। অদ্যাপি কোন স্থানে কোন সাধুবেশধারী যোগিপুরুষ উপস্থিত হইলে হিন্দু-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমাজের আবাল বৃদ্ধ বনিতা সর্বপ্রকার সঙ্কোচ পরিত্যাগ করিয়া তাঁহার সেবার নিমিত্ত ধাবিত হয়। যাহারা ইংরাজি প্রণালীতে শিক্ষিত হইয়াছেন তাহারাও যে এদিকে মনের গতি সম্যক্ পরিত্যাগ করিতে সমর্থ হয়েন তাহাও নহে। যাহাদিগকে তাহারা শিক্ষিত বলিয়া ব্যাখ্যা করিয়া থাকেন তাহাদের ন্যায় তাহারাও অনেক সময়ে স্বীয় আভ্যন্তরিক প্রকৃতির প্রেরণায় এইরূপই ব্যবহার করিতে বাধ্য হইয়া থাকেন। বর্ত্তমান দুরবস্থার সময়েও ভারতবাসী এই স্বীয় অধিকারগত বিষয়ে অপর কোন দেশীয় লোক অপেক্ষা সাহসিকতা, ধৈর্য্য, বিচক্ষণতা সম্বন্ধে হীন নহেন। একবার ভারতবাসী বোধগম্য করুন যে, কোন একটি কার্য্য তাহার ধর্ম্ম-সঙ্গত, দেখিবেন তখনই সেই কার্য্য অপর সকলের সম্যক্ অসাধ্য হইলেও তাহারা অকুতোভয়ে হাসিতে হাসিতে অনায়াসে তাহা সম্পাদন করিবেন।

তখন কোন প্রকার কষ্ট যাতনা সহ্য করা, তাহাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পক্ষে অত্যধিক বলিয়া বোধ হইবে না। পরন্তু কেবল সাংসারিক সুখসমৃদ্ধির নিমিত্ত ভারতবাসী কখনই তদ্রূপ উৎসাহযুক্ত হয়েন না। ভারতবাসীর ধারণা এই যে দুঃখকষ্টেই হউক, আর সুখসমৃদ্ধিতেই হউক, আহার নিদ্রা প্রভৃতি ব্যাপার সকল জীবেরই হইয়া থাকে এবং অনন্তকালের সহিত তুলনায় ইহ জগতে শতবর্ষ বয়সও অতি অকিঞ্চিৎকর। অদ্য যিনি আমার উপর আধিপত্য বিস্তার করিতেছেন, কল্য তিনি মৃত হইয়া আমার আধিপত্যাধীনে পুনরায় জন্মগ্রহণ করিতে পারেন। ভারতবাসী পুনর্জন্মবাদী এবং কর্ম্মফল অবশ্যম্ভাবী বলিয়া দৃঢ়রূপে বিশ্বাস করেন, সুতরাং কেবলমাত্র বাহ্য সাংসারিক সুখের আশামাত্র দেখাইয়া ভারতবাসীকে সম্যক্ প্রবোধিত করা অসম্ভব।

ইহা ভারতবাসীর প্রকৃতি-বিরুদ্ধ এবং স্বীয় প্রকৃতির পরিবর্ত্তন করা ভারতবাসীর পক্ষে কখনো মঙ্গলজনকও হইতে পারে না। অধিক কষ্ট না করিয়া যদি সুখ লাভ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়, তবে অবশ্য ভারতবাসীও যত্ন করিতে পারেন। কিন্তু কেবল সাংসারিক সুখ সমৃদ্ধির আশায় প্রাণপণ করিয়া কার্য্যে প্রবৃত্ত হইতে ভারতবাসী সাধারণতঃ কখনো উৎসাহিত হয়েন না। বিশেষতঃ তাহাতে বাঞ্ছিত সাংসারিক ফললাভ হইলেও ভারতবাসী স্বীয় প্রকৃতিগুণে ইহাকে তত অধিক মূল্যবান বস্তু বলিয়াও স্বীকার করেন না এবং তাহা স্বীকার করা তাঁহাদের প্রকৃতির অনুরূপও নহে।

অতএব যদি তাহাদের আভ্যন্তরিক ধর্ম্মপ্রবৃত্তির উন্নতিসাধনের নিমিত্ত নিষ্কপট ও সরলভাবে চেষ্টা আরম্ভ হয় তবেই তদ্দ্বারা ভারতবাসী ও সমগ্র জগতের যথার্থ মঙ্গল সাধিত হইতে পারে। সমগ্র জগতের মঙ্গলের কথা এই জন্য বলিতেছি যে ভারতবাসীই মূলতঃ জগতের ধর্ম্মোপদেষ্টা ও গুরু। যীশুখৃষ্টও ভারতবর্ষে আসিয়াই ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিলেন বলিয়া এক্ষণে পাশ্চাত্য পণ্ডিতগণ কেহ কেহ সপ্রমাণিত করিতেছেন। ইহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য অথবা মিথ্যা তাহার আলোচনা এস্থলে নিষ্প্রয়োজন। কারণ উচ্চ জ্ঞানালোক যে প্রথম ভারতবর্ষ হইতেই নিঃসৃত হইয়া অবশিষ্ট এশিয়াখণ্ড এবং ইজিপ্‌ট ও ইউরোপকে উদ্দীপিত করিয়াছিল, তাহা এক্ষণে পণ্ডিত-সমাজে স্বীকৃত হইতে আরম্ভ হইয়াছে। দিব্যদর্শী ঋষি-গণও স্পষ্টাক্ষরে ভারতবর্ষকেই মোক্ষপ্রদ ভূমি বলিয়া বর্ণনা করিয়াছেন। অতএব ভারতবাসী স্বীয় অধিকার জ্ঞাত হইয়া অভ্যুত্থান করিলে তদ্দ্বারা পৃথিবীমণ্ডলস্থ সকল শ্রেণীর লোকের পক্ষেই কল্যাণ সাধিত হবে। কিন্তু বিজাতীয় ভাবের অনুকরণ দ্বারা ভারতবাসীকে অভ্যুত্থিত করিতে চেষ্টা করিলে তাহাতে বিজাতীয় ভাবেরই জয়জয়কার হইবে, তাহা ভারতবাসীর জয় বলিয়া গণ্য হইবে না। বরং ভারতবাসীই বিজাতীয় ভাব গ্রহণ করিয়া স্বীয় পরাজয় স্বীকার করিবেন। অতএব ভারত-বাসিগণ নিজেদের যথার্থ অধিকার বোধগম্য করিয়া পূর্ব্ব-পুরুষদের জ্ঞানবত্তার প্রতি লক্ষ্য করুন এবং তাঁহাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আদর্শ ও কর্ম্মানুষ্ঠান বিধি নিয়ত চক্ষুর সম্মুখে স্থাপিত করিয়া তাঁহাদের পদাঙ্ক অনুসরণ করুন, ইহাই তাহাদিগের নিকট আমার বিনীত নিবেদন। তাঁহারা ধর্ম্মসাধন-সম্পন্ন এবং স্বীয় চরিত্র বলে বলীয়ান হইলে, রাজনৈতিক, সামাজিক এবং অপর সর্ববিধ উন্নতি তাহাদিগের পক্ষে অনায়াসলভ্য হইবে এবং তদবস্থায় তাঁহাদের উন্নতি জগতেরও কল্যাণের নিমিত্ত হইবে।

মূল কথা এই যে, দৈববলই ভারতবাসীর বল, তপস্যাই তাহাদিগের ব্রহ্মাস্ত্র এবং ঋষিদিগের প্রদর্শিত পন্থাই তাহাদিগের পন্থা।

এই ভারতভূমি দেবপ্রকৃতি জীবের স্বাভাবিক বাস-স্থান, স্বীয় প্রকৃতিগত দেবস্বভাব বিস্মৃত হইয়াই ভারত-বাসী দুঃখ ও দারিদ্র্যপঙ্কে নিমগ্ন হইয়াছেন। তাঁহারা পূর্ব্বপুরুষদিগের তপঃশক্তি ও বিদ্যাগৌরব স্মরণ করিয়া এখনও ভারতের প্রাচীন দেবতা ত্রিভুবনাধিপতির শরণাপন্ন হউন। বিপত্তিতে পতিত ব্যক্তির পক্ষে একমাত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমধুসূদনই আশ্রয়দাতা। ভারতবাসী বর্তমান কালে যতই পাপে তাপে জর্জ্জরিত হইয়া থাকুন সর্ব্বসন্তাপহারী শ্রীভগবানকে আপনার গৃহাধিষ্ঠাত্রী দেবতা জানিয়া সরল প্রাণে তাঁহার শরণাপন্ন হইলে তিনি কখনই তাঁহার চিরানুগত জাতিকে উপেক্ষা করিয়া থাকিতে পারিবেন না। পঙ্কে নিমগ্ন গজরাজকে গ্রাহগ্রাস হইতে বিমুক্ত করিবার জন্য যেমন ভগবান গরুড়কেও পরিত্যাগ করিয়া ত্বরান্বিত হইয়া আগত হইয়াছিলেন, শরণাগত ভারতবাসীকেও পাপ তাপ দুঃখ দারিদ্র্য হইতে উদ্ধার করিবার নিমিত্ত তিনি তদ্রূপেই আগমন করিবেন সন্দেহ নাই। এই স্থলে শ্রীভগবানের শ্রীমুখনিঃসৃত একটি আশ্বাসবাণী উদ্ধৃত করিয়া এই গ্রন্থ সমাপ্ত করা যাইতেছে।

অপিচেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ॥
ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।
কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্॥
কিং পুনঃ ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়স্তথা।
অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্॥
মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ॥

(গীঃ ৯ অঃ ৩০—৩৪)

অত্যন্ত দুরাচার পুরুষও যদি এক মনে আমার ভজনা করে, তাহা হইলে সেও সাধু বলিয়া গণ্য হয়। কারণ পরমেশ্বরের ভজনে নিশ্চয়ই কৃতার্থ হইব, এইরূপ নিশ্চয়াত্মিকাবুদ্ধি তাহার আছে॥ ৩০॥

সেই ব্যক্তি শীঘ্রই ধর্ম্মাত্মা হয় এবং স্থায়ী শক্তিলাভ করে, হে কৌন্তেয়! আমার ভক্ত কখনও বিনাশপ্রাপ্ত হয় না, ইহা তুমি নিশ্চিতরূপে জানিও॥ ৩১॥

হে পার্থ! স্ত্রী, বৈশ্য, শূদ্র এবং যাহারা পাপযোনিতে

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্মগ্রহণ করে, তাহারাও আমাকে আশ্রয় করিলে নিশ্চয়ই শ্রেষ্ঠ গতি লাভ করে ॥ ৩২ ॥

পুণ্যাত্মা ব্রাহ্মণ এবং ভক্ত রাজর্ষিগণ যে পরাগতি প্রাপ্ত হইবেন তাহা আর পুনরায় কি বলিতে হইবে? অতএব এই দুঃখময় অনিত্য সংসারকে প্রাপ্ত হইয়া আমার ভজনে প্রবৃত্ত হও ॥ ৩৩ ॥

তুমি মদ্গত চিত্ত ও মদ্ভক্ত হইয়া আমার উপাসনায় রত হও এবং আমাকে নমস্কার কর এবং সম্পূর্ণরূপে আত্মসমর্পণ কর। এই প্রকারে আমার শরণাগত হইয়া মনকে আমাতে যুক্ত করিলে আমাকেই প্রাপ্ত হইবে ॥ ৩৪ ॥

ওঁ তৎসৎ

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ হরিঃ

সাধন সঙ্কেত

২৬শে জ্যৈষ্ঠ

পথ

১। শ্রদ্ধা—গুরুবাক্যে বিশ্বাস, তদ্ধেতু সন্তোষ বাক্য যথা—"তোমার নিশ্চয়ই পরমাত্ম দর্শন হইবে, ভগবান্ সত্যই অহর্নিশি ছায়ার ন্যায় তোমার সঙ্গে আছেন" ইত্যাদি।

২। বীর্য্য—এই শ্রদ্ধা (বিশ্বাস ও সন্তোষ) হইতে নিশ্চয়ই বীর্য্য (অনলস ভাব ও অভীষ্ট সিদ্ধির নিমিত্ত অনবরত যত্ন) উপস্থিত হইবে; তাহা না হইলে শ্রদ্ধা উপজাত হয় নাই।

৩। স্মৃতি—শ্রদ্ধা ও অনবরত যত্ন হইতে স্মৃতি, অভীষ্টের স্বরূপ বিষয়ে স্মৃতি উপজাত হয়; না হইলে (ভজন ছাড়িলে আর অমনি বাহ্য বিষয় মনকে অধিকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিল এইরূপ হইলে) শ্রদ্ধা ও বীর্য্যের ত্রুটি বুঝিতে হইবে।

৪। সমাধি—এই স্মৃতি হইতে চিত্তের একবিষয়িণী বৃত্তি প্রতিষ্ঠিত হইয়া সমাধি উপস্থিত হয়। তাহা না হইলে পূর্বের তিনটির ত্রুটি বুঝিবে।

৫। প্রজ্ঞা—সমাধি হইতে প্রজ্ঞা—সর্বত্র জ্ঞানালোক প্রকাশিত হইবে ; না হইলে সমাধি হয় নাই, মূর্চ্ছা মাত্র।

৬। অসম্প্রজ্ঞাত—সমাধিজাত প্রজ্ঞা প্রতিষ্ঠিত হইলে একেবারে শূন্যে স্থিতি—চিত্তের লয় নিরলম্ব শূন্যভাব প্রাপ্তি হইবে। ইহাই গীতার "ন কিঞ্চিদপি চিন্তয়েৎ" অবস্থা। ভাগবতের ১১শ স্কন্ধোক্ত ধ্যানও এই।

৭। ভগবদ্দর্শন (পরমাত্ম সাক্ষাৎকার) এই নিরলম্ব অবস্থায় পরমাত্মা স্বতঃ প্রকাশিত হয়েন ; এই নিরলম্ব অবস্থাই স্বরূপ দর্শন বিষয়ে সর্ববিধ বাধাবর্জিত অবস্থা।

৪ঠা আষাঢ়

সর্ব্বদা স্মর্ত্তব্য

১। আদৌ শ্রদ্ধা—গুরুবাক্যে ধ্রুব বিশ্বাস ; এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্বাসের সঙ্গে সঙ্গেই সন্তোষ জন্মে; অতএব শ্রদ্ধাকে যে সন্তোষ অর্থে ব্যাসদেব ভাষ্যে বর্ণনা করিয়াছেন তাহাই সত্য। এই শ্রদ্ধাই সমস্ত সাধনের মূল। ইহাই শ্রীসনৎ-কুমার নারদজীকে উপদেশ দিয়াছেন।

২। দোষ—পরিত্যাজ্য—পরচরিত্রানুশীলনও নিন্দা; ইহাই বর্ত্তমানে সন্তোষের প্রধান বিঘ্ন। পরদোষ-দর্শনে তৎক্ষণাৎ চিত্ত মলিন হয়; অতএব দোষ-দর্শনই মহৎ দোষ—এক ঈশ্বরই সকল জীবের বুদ্ধির প্রেরক, অতএব দোষ গুণ কিছুই নাই; প্রত্যেকের প্রত্যেক কার্য্যে (ভাল মন্দ সর্ব্ববিধ কার্য্যে) তাঁহারই খেলা দেখিয়া সন্তোষ ও আনন্দ অনুভব করিতে চেষ্টা করিবে। অতএব নিত্য গ্রাহ্য—নিত্য সন্তোষ। স্মরণ রাখিবে—

"সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে"।

নিত্য পরিত্যাজ্য—পরচর্চা ও পরদোষ দর্শন এবং আত্ম প্রশংসা।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। জ্ঞান—জগন্নিয়ন্তা একমাত্র পরমেশ্বর, "যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্বমিদং ততম্"—গীতা—৮।২২

৪। মূর্খতা—স্বতঃপ্রবৃত্ত হইয়া অপরকে উপদেশ দান। আপনাকে উপদেশ দ্বারা সংশোধন করিতে পারিলাম না অথচ অপরকে সংশোধন করিব—মূর্খতা আর অধিক কি আছে? ভগবান কি নিয়ন্তা নহেন? স্বতঃপ্রবৃত্ত উপদেশ দান কেবল অহঙ্কারমূলক।

৫। সর্বদা সাবধান—(১) 'আলস্য যেন কোন প্রকারে প্রশ্রয় না পায়।' (২) কোন কর্ম্ম দোষণীয় নহে, সেবার নিমিত্ত কর্ম্ম মাথায় করিয়া করিবে, মান অপমানকে মূর্খের বিচার জানিবে।

ধ্যান (১) গুরুরূপে পরব্রহ্ম একমাত্র বন্ধু।

(২) তিনি ব্রজনাথ (বিষ্ণু ও তৎশক্তির) ভিতর দিয়া যাইতে পথ দেখাইয়াছেন।

৩। অনন্তরূপ—জীবের প্রতি কৃপার নিমিত্ত এইরূপ ধারণ করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। তদাশ্রয় পরমাত্মা পরব্রহ্ম—যিনি এই অনন্তের অন্ত, তিনিই নিরবচ্ছিন্ন আনন্দময় ও চিদ্‌ঘন।

বাহ্য ব্যবহার কালে

(ক) বর্জ্জনীয়

(১) পরচরিত্রানুশীলন, পরনিন্দা, পরদোষদর্শন।

(২) আত্মপ্রশংসা। (৩) আলস্য। (৪) প্রয়োজনীয় উপস্থিত কর্ম্মে মনে অপমানবোধ। (৫) কপটাচরণ। (৬) বৈধ স্থল ভিন্ন স্বতঃপ্রবৃত্ত হইয়া অপরকে উপদেশ দান।

(খ) গ্রহণীয়

(১) বাক্ সংযম, (২) সরল সত্য বাক্য, (৩) সেবারই নিমিত্ত সকল কার্য ও ভোগ, নিজের নিমিত্ত নহে।

আভ্যন্তরীণ সাধন বিষয়ে

(১) সদ্‌গুরুবাক্যে শ্রদ্ধা, জপ।

(২) (ক) সন্তোষ (লাভালাভে, জয়াজয়ে, সুখে দুঃখে, স্তুতি নিন্দায়।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(খ) ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ॥ গীঃ

(গ) সত্য বিদ্যার নিত্য ধারণা—(স—ত—য=সত্য)
পরব্রহ্ম বিশ্বং যময়তি।

(৩) (ক) গুরু, (খ) ব্রজনাথ, (গ) অনন্তরূপী,
(ঘ) পরব্রহ্ম—সদা এক নিরবচ্ছিন্ন জ্ঞানানন্দময়।

৫ই আষাঢ়

বিক্ষিপ্ত চিত্ত কিরূপে একাগ্র হয়

যোগসূত্র—তপঃ স্বাধ্যায়েশ্বর-প্রণিধানানি ক্রিয়াযোগঃ
১ ২ ৩

(১) তপঃ—(ক) শারীরিক শুদ্ধির চেষ্টা—আহার নিদ্রা প্রভৃতির নিয়ম দ্বারা।

(খ) কাম, ক্রোধ, লোভ, হিংসা, মাৎসর্য্য, এই সকল ইন্দ্রিয়-বিকার বর্জ্জন করা—

(২) স্বাধ্যায়—সৎশাস্ত্র—উপনিষৎ নিত্য পাঠ এবং নাম জপ—

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) ঈশ্বরপ্রণিধান—তাঁহাকে সর্ব্বনিয়ন্তা জানিয়া তাঁহাতে সর্ব্বকর্ম্মার্পণ—কোন বিষয়ে নিজের মান অভিমান না লওয়া।

৬ই আষাঢ়

নিজ ধ্যান নিরূপণ

১।···মন্ত্র তোমার গুরুদত্ত প্রথম মন্ত্র, ইহা দ্বারা তোমাকে ব্রহ্ম হইতে অভিন্ন ধ্যান করা উচিত···মন্ত্র দ্বিতীয় —"বাসুদেবঃ সর্ব্বমিতি" ইত্যাদি বাক্যে জগৎ এবং তুমি ব্রহ্মস্বরূপ কীর্ত্তিত হইয়াছ; তাহারও বিষয় সুতরাং একই।

২। তত্ত্বপর্য্যালোচনায়ও জীব ব্রহ্মাংশ এবং জগৎও ব্রহ্মাংশ। ইহা শ্রুতি ও অপর শাস্ত্রের উপদেশ, ইহাই নিশ্চিত সত্য (সাধকের পক্ষে)।

৩। 'ঈশ্বরঃ সর্ব্ব ভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি' ইত্যাদি বাক্যে এবং শ্রুতিবাক্যে ঈশ্বরের জগন্নিয়ন্তৃত্বও সিদ্ধই আছে। ৪। ব্রহ্মের জগৎকারণত্বও সিদ্ধই আছে, ইহার নিমিত্ত এবং উপাদান উভয় কারণই তিনি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীমাংসা

সুতরাং যখন সমস্তই ব্রহ্ম এবং তোমার মন্ত্রোপদেশের সারও ইহাই, তখন তোমার ধ্যান এইরূপ হওয়া উচিত, যথা :—(১) স্বয়ং ব্রহ্ম, (২) অপর সকল জীবই ব্রহ্ম। সুতরাং যোগীশ্বর ও শৃগাল উভয়ই তুল্যরূপ ব্রহ্ম, সর্ব্বসমদর্শনই প্রধান ধ্যানাঙ্গ।

(৩) সমস্ত কার্য ব্রহ্মেরই কার্য, সুতরাং নিজের কর্ম্মে আত্মগ্লানি অথবা হর্ষ এবং অপরের কর্ম্মে নিন্দা বা প্রশংসা মূর্খতা ও অজ্ঞানতা মাত্র। ইহা সর্বথা বর্জ্জনীয়। শ্রীমদ্ভাগবত ১১।২৮।১-২ ইত্যাদি শ্লোকেও দেখিতেছি ইহাই বর্ণনা করিয়াছেন। অতএব সাবধান, পরনিন্দা ও দোষদর্শন বর্জ্জনীয়—বিশেষরূপে ইহা স্মরণ রাখিতে হইবে।

শ্রীমদ্ভাগবত ১১।১৯।৪৫ শ্লোক "গুণদোষ-দৃশির্দ্দোষো গুণস্তূভয়বর্জ্জিতঃ"।

১৪ই আষাঢ়

বিশেষ সাধন—"সাধুষ্বপি চ পাপেষু সমবুদ্ধির্বিশিষ্যতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭ই আষাঢ়

দেখিও অহংকার না আসে এবং অপর দিকে হতাশাও না আসে—"সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে"।

৮ই শ্রাবণ

ঈশ্বরের আনন্দময়তা, সর্ব্বজ্ঞতা প্রভৃতি ধর্ম সর্ব্বদা উপাসনা কালে ধ্যেয় এবং আপনাকেও শুদ্ধ, নির্ম্মল, ব্রহ্মরূপে তৎকালে অভিন্নভাবে চিন্তা করিবে—ইহাই বেদান্ত দর্শনেরও মীমাংসা—"আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি শ্রুতি স্মরণীয়।

১৬ই শ্রাবণ

"প্রকাশঞ্চ প্রবৃত্তিঞ্চ মোহমেব চ পাণ্ডব।
ন দ্বেষ্টি সংপ্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্ক্ষতি॥"
"ত্যাগী সত্ত্ব-সমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ"।

ছিন্নসংশয়ঃ—নিশ্চয়ই ব্রহ্ম একমাত্র কর্ত্তা, সংশয় কেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭শে পৌষ

প্রথম ব্রহ্মসাধন (বর্ত্তমানে)

১। তিনি হৃদাকাশের পরপারে নির্ম্মল দ্রষ্টারূপে অবস্থিত ; জগৎ আপনা হইতে প্রকাশিত করিতেছেন এবং আপনাতে লয় করিতেছেন। বর্ত্তমান জগৎ তাঁহারই প্রকাশ।

সংক্রান্তি

২য় সাধন

তিনি অন্তরে, তিনি বাহ্যে, তিনিই অন্তর, তিনিই বাহ্য, তিনি সর্ব্ব। যখন তিনিই সর্ব্ব কর্ত্তা তখন কোন কার্য্য কি ভাবে চলিবে, কোন বস্তু কিরূপে থাকিবে, তাহার চিন্তা কি নিমিত্ত ?

"অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে, তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥" [গী ৯।২২]

গীতার উক্ত ধ্যান

"শনৈঃ শনৈরুপরমেদ্বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ৬।২৫

শ্রীমদ্ভাগবতে

হংসোক্ত উপদেশ (সনকাদিকে—ভাঃ ১১।১৩ অঃ) আমি দ্রষ্টা পরমাত্মা, দেহাদি দৃশ্যবর্গও ব্রহ্ম হইলেও দৃশ্যরূপে আমি আত্মা হইতে পৃথক ; ইহাতে আমি বুদ্ধিই ভ্রম, গুরুসেবা ও তত্ত্বচিন্তা দ্বারা এই ভ্রম পরিত্যাগ কর।

বর্ত্তমান ত্রিবিধ সাধন

১। বাক্য সংযম—মৌন (বাগ্‌ দণ্ড)

২। কর্ম্ম—সেবাপূজা আশ্রম সেবা—ইহাই এক্ষণকার গুরুসেবা (কর্ম্ম দণ্ড)—

৩। মন—মনোদণ্ড—ভূমা আত্মস্বরূপে অবস্থিতির যত্ন, হৃৎপুণ্ডরীক কেন্দ্র,—ব্রহ্মাণ্ডের ঊর্দ্ধতম ব্রহ্মরন্ধ্রে এবং অধস্তন পর্য্যন্ত ব্যাপ্তির অনুভব আবশ্যক। স্বয়ং ব্রহ্ম, নিজ এবং অপর দেহাদি (দেহ, ইন্দ্রিয় ও চিত্ত) দৃশ্যরূপে ব্রহ্ম—ইহার পরিচালক ব্রহ্ম ; ইহার সম্বন্ধে নিজের কিংবা পরের কোন কার্য দোষাবহ নহে—ব্রহ্মপ্রেরিত এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মেরই বিকাশ। সুতরাং "ন শোচতি না কাঙ্ক্ষতি" বাক্য সত্য, ইহার প্রতিপালন চেষ্টা। এইরূপে নিত্য সন্তোষ সাধনই এই মনোদণ্ড। ইহাতেই মনস্থির হইবে ("এষা ব্রাহ্মীস্থিতিঃ" ইত্যাদি) এবং অমননীয় বিষয় মনন করিবে না।

ছান্দোগ্য উপনিষদের ৭ম অঃ এর ১ম হইতে ২৭শ খণ্ডের বিষয়গুলি আলোচনা করিয়া তাহা হইতে সাধনোপযোগীরূপে এইরূপ সারমর্ম অবধারণ করিয়াছেন :—

১। গুরুশুশ্রূষা, সেবা ও তদ্বাক্য পালন প্রথমে প্রযোজন ; তদ্দ্বারা সুখের আশা নিবৃত্তি হয়।

২। তাঁহার বাক্যে শ্রদ্ধা—সম্পূর্ণ সত্য বলিয়া ধারণা প্রয়োজন ; আদেশ পালন করিতে করিতে শ্রদ্ধা জন্মে।

৩। ভূমাই সুখস্বরূপ, আনন্দস্বরূপ ; তিনিই মহত্তম সর্ব্বময়, তদ্ব্যতীত কিছু নাই। ইনিই জীবের (সাধকের) আত্মা, তিনিই উপাস্য, জ্ঞাতব্য, ইহাই পরম সত্য।

এতদ্বিষয়ে দৃঢ় ধারণা চাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক। তাঁহার জ্ঞানেই সমস্ত জ্ঞাত হয়, সাধক-আনন্দময় হয়েন এবং সম্পূর্ণ কামচারী হয়েন।

বরাহ দ্বাদশী

২১ মাঘ, ৩রা ফেব্রুয়ারী, শনিবার

দেখিতেছি এই দেহ যেরূপ সীমাবদ্ধ ভাবিতাম ইহা তদ্রূপ নহে, ইহার অসংখ্য স্তর আছে; প্রত্যেকটি স্তর এক একটি অনন্ত লোকের অঙ্গীভূত অংশ; ধ্যান সেই স্তরে পৌঁছিলে এই জীবদেহই অনন্ত ব্রহ্মাণ্ডরূপ দেহ হইয়া যায়—অতি সূক্ষ্ম অনন্ত আকাশময় সমগ্র ব্রহ্মাণ্ডব্যাপী দেহ হইয়া যায়। তাহাতে দ্রষ্টারূপে জীবাত্মা অন্তর্নিহিত; এই হৃৎপুণ্ডরীক অনন্ত ব্রহ্মাণ্ডরূপ দেহের হৃৎ-পুণ্ডরীক, ইহাতে জীবাত্মা প্রতিষ্ঠিত। বিদ্যুৎপ্রভাযুক্ত অতিসূক্ষ্ম জ্যোতিরূপে ইনি প্রথম প্রকাশিত হয়েন, তৎপর এই জ্যোতিও তাহাতে লীন হয়ে যায়। শাস্ত্রোপদেশে অনুমান করিতেছি এই জ্যোতির্লীন অবস্থায় জীবাত্মরূপে নিয়ত অবস্থিতি করিতে পারিলে পরমাত্মস্বরূপ প্রকাশিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে ; আপাততঃ এই জীবাত্মা-অবস্থাই একপ্রকার সম্পূর্ণ নির্লিপ্ত অবস্থা বলিয়া বোধ করিতেছি।

গীতায় (ভগবান্) বলিয়াছেন—

"...নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।

নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥"

এই দেহই বিরাট বলিয়া অনুভব হইলে (এবং প্রত্যেক দেহই এইরূপ), ইহার (স্থূল দেহ, সূক্ষ্ম দেহ—ইন্দ্রিয় পঞ্চ-তন্মাত্র, অহঙ্কার এবং বুদ্ধির) সমস্ত কার্য্যই ইহার অধিনায়কের—ইহার নিয়ন্তার—জগন্নিয়ন্তার ; জীবাত্মায় যিনি ইহাতে অনুপ্রবিষ্ট তিনি কেবল সাক্ষী স্বরূপ—দ্রষ্টা মাত্র। সুতরাং এই ধ্যানে অবস্থিত হইলেই নির্দ্বন্দ্ব নিত্যসত্ত্বস্থ আপাততঃ হওয়া যায় এবং যোগক্ষেম আপনা হইতেই রহিত হইয়া যায়। আত্মাবান্‌ও এই জীবাত্মস্বরূপে স্থিত হওয়া হইলেই এক প্রকার এক অর্থে হওয়া হইল। এই জীব উক্ত নিজস্বরূপে স্থিত হইয়া তাহার ও যে অনন্ত ব্রহ্মাণ্ডরূপ দেহে তিনি প্রবিষ্ট তাহার,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূল কারণ মূল আশ্রয় পর ব্রহ্ম ধ্যানই এক্ষণকার পক্ষে অবলম্বনীয় বোধ করিতেছি। এই পন্থা-"এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ"। ধন্য গুরুদেব! তোমার কৃপায় নিত্য নূতন পন্থা প্রকাশিত হইতেছে।—আহা! শ্রীভগবৎমূত্তিতে অদ্য দেখিলাম এই সমস্ত অবস্থাই মূর্তিমান হইয়া প্রকাশিত রহিয়াছে।

ধন্য প্রিয়াজী! তুমিই এই তথ্য অদ্য প্রকাশ করিয়াছ—

ধন্য! ধন্য!! ধন্য!!!

২৬শে মাঘ

গতকল্য মাঘী পূর্ণিমা গিয়াছে। দেখিতেছি ইতিমধ্যে অবস্থা সকল ক্রমাগত আসিতেছে ও যাইতেছে, স্থায়ী হইতেছে না; সকলই তোমার হাত, যেরূপ রাখিতেছ তদ্রূপই থাকিতেছি, আর অসন্তোষ পোষণ করিতে ইচ্ছা করি না। "অসন্তুষ্টাঃ দ্বিজাঃ ভ্রষ্টাঃ"

"যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে॥".

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহা সর্ব্বদা স্মর্ত্তব্য। আর লিখিয়া স্পষ্ট করিয়া দিলে বুঝে না ইহাতে ক্রোধের উদয়। তৎসম্বন্ধে স্মর্ত্তব্য—

"কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।

মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিনম্॥" আর বিশেষ রূপে স্মরণ রাখিবে—

"যদা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।

নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা॥"

দেখিতেছি লিখিয়া সময় সময় অভিপ্রায় প্রকাশ করা এইক্ষণকার অবস্থায় বন্ধ করিতে পারিব না। কারণ আশ্রমের ভার আমার উপরে সকলে দিয়াছেন ও গ্রহণ করিয়াছি; নিজে একেবারে চুপ করিলে কার্যের ক্ষতি হয়। এই অবস্থায় এইক্ষণ হইতে যতদূর সম্ভব কোন অভিপ্রায় প্রকাশ করিব না; একান্ত আবশ্যকীয় বিষয়েই করিব। ইহাতে অন্ততঃ সাধারণ আশ্রম সংক্রান্ত কার্য্যের চিন্তা দূর হইবে। নতুবা তাহারও পর্য্যালোচনা সময় সময় করিতে হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহেন্দ্রের ও দ্বারিকের দ্বারা সম্যক্ কার্য্য সঙ্কুলান হয় না। কি করিব ইহাও ভগবৎ ইচ্ছা।

হে মহারাজ্! তুমি সহায় হও। নতুবা নিজের একেবারে কোন প্রকার সামর্থ্য দেখিতেছি না। হৃদয়-গ্রন্থি সময় মত ছিন্ন করিবে বলিয়াছিলে, এখনও কি তাহার সময় হয় নাই? আশাতেই এই পর্য্যন্ত রহিয়াছি।

ওঁ শান্তি।

২৮শে মাঘ

"অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃ ক্ষমী॥
সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
মর্য্যপিতমনোবুদ্ধির্যো মে ভক্তঃ স মে প্রিয়ঃ॥"
"মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে॥"

এইটিই তোমার সম্যক্ সাধন ইহাই প্রশস্ত পন্থা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪ঠা ফাল্গুন

"যথা সুদীপ্তাৎ পাবকাদ্বিস্ফুলিঙ্গাঃ
সহস্রশঃ প্রভবন্তে সরূপাঃ।
তথাক্ষরাৎ বিবিধাঃ সৌম্য ভাবাঃ
প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তি।" [মু উ ২।১।১]

বুদ্ধি হইতে ক্ষিতি পর্য্যন্ত এইরূপ প্রকাশিত। বুদ্ধির পর তিনি—"এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা"·· ইত্যাদি গীতা বাক্য স্মর্তব্য।

"পুরুষ এবেদং বিশ্বং কর্ম্ম
তপো ব্রহ্ম পরামৃতম্।
এতদ্ যো বেদ নিহিতং গুহায়াং
সোঽবিদ্যাগ্রন্থিং বিকিরতীহ সৌম্য॥"
[মু উঃ ২।১—১০]

৬ই ফাল্গুন

"ধনুর্গৃহীত্বৌপনিষদং মহাস্ত্রং
শরং হ্যুপাসা নিশিতং সন্ধয়ীত।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্বাসের সঙ্গে সঙ্গেই সন্তোষ জন্মে ; অতএব শ্রদ্ধাকে যে সন্তোষ অর্থে ব্যাসদেব ভাষ্যে বর্ণনা করিয়াছেন তাহাই সত্য। এই শ্রদ্ধাই সমস্ত সাধনের মূল। ইহাই শ্রীসনৎকুমার নারদজীকে উপদেশ দিয়াছেন।

২। দোষ—পরিত্যজ্য—পরচরিত্রানুশীলনও নিন্দা ; ইহাই বর্ত্তমানে সন্তোষের প্রধান বিঘ্ন। পরদোষ-দর্শনে তৎক্ষণাৎ চিত্ত মলিন হয় ; অতএব দোষ-দর্শনই মহৎ দোষ—এক ঈশ্বরই সকল জীবের বুদ্ধির প্রেরক, অতএব দোষ গুণ কিছুই নাই ; প্রত্যেকের প্রত্যেক কার্য্যে (ভাল মন্দ সর্ব্ববিধ কার্য্যে) তাঁহারই খেলা দেখিয়া সন্তোষ ও আনন্দ অনুভব করিতে চেষ্টা করিবে। অতএব নিত্য গ্রাহ্য—নিত্য সন্তোষ। স্মরণ রাখিবে—

“সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে”।

নিত্য পরিত্যজ্য—পরচর্চা ও পরদোষ দর্শন এবং আত্ম প্রশংসা।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। জ্ঞান—জগন্নিয়ন্তা একমাত্র পরমেশ্বর, "যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্বমিদং ততম্"—গীতা—৮।২২

৪। মূর্খতা—স্বতঃপ্রবৃত্ত হইয়া অপরকে উপদেশ দান। আপনাকে উপদেশ দ্বারা সংশোধন করিতে পারিলাম না অথচ অপরকে সংশোধন করিব—মূর্খতা আর অধিক কি আছে? ভগবান কি নিয়ন্তা নহেন? স্বতঃপ্রবৃত্ত উপদেশ দান কেবল অহঙ্কারমূলক।

৫। সর্বদা সাবধান—(১) 'আলস্য যেন কোন প্রকারে প্রশ্রয় না পায়।' (২) কোন কর্ম্ম দোষণীয় নহে, সেবার নিমিত্ত কর্ম্ম মাথায় করিয়া করিবে, মান অপমানকে মূর্খের বিচার জানিবে।

ধ্যান (১) গুরুরূপে পরব্রহ্ম একমাত্র বন্ধু।

(২) তিনি ব্রজনাথ (বিষ্ণু ও তৎশক্তির) ভিতর দিয়া যাইতে পথ দেখাইয়াছেন।

৩। অনন্তরূপ—জীবের প্রতি কৃপার নিমিত্ত এইরূপ ধারণ করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। তদাশ্রয় পরমাত্মা পরব্রহ্ম—যিনি এই অনন্তের অন্ত, তিনিই নিরবচ্ছিন্ন আনন্দময় ও চিদ্‌ঘন।

বাহ্য ব্যবহার কালে

(ক) বর্জ্জণীয়

(১) পরচরিত্রানুশীলন, পরনিন্দা, পরদোষদর্শন।

(২) আত্মপ্রশংসা। (৩) আলস্য। (৪) প্রয়োজনীয় উপস্থিত কর্ম্মে মনে অপমানবোধ। (৫) কপটাচরণ। (৬) বৈধ স্থল ভিন্ন স্বতঃপ্রবৃত্ত হইয়া অপরকে উপদেশ দান।

(খ) গ্রহণীয়

(১) বাক্ সংযম, (২) সরল সত্য বাক্য, (৩) সেবারই নিমিত্ত সকল কার্য ও ভোগ, নিজের নিমিত্ত নহে।

আভ্যন্তরীণ সাধন বিষয়ে

(১) সদ্‌গুরুবাক্যে শ্রদ্ধা, জপ।

(২) (ক) সন্তোষ (লাভালাভে, জয়াজয়ে, সুখে দুঃখে, স্তুতি নিন্দায়।)

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(খ) ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ ॥ গীঃ

(গ) সত্য বিন্তার নিত্য ধারণা—(স—ত—য = সত্য)
পরব্রহ্ম বিশ্বং যময়তি।

(৩) (ক) গুরু, (খ) ব্রজনাথ, (গ) অনন্তরূপী,
(ঘ) পরব্রহ্ম—সদা এক নিরবচ্ছিন্ন জ্ঞানানন্দময়।

৫ই আষাঢ়

বিক্ষিপ্ত চিত্ত কিরূপে একাগ্র হয়

যোগসূত্র—তপঃ স্বাধ্যায়েশ্বর-প্রণিধানানি ক্রিয়াযোগঃ
১ ২ ৩

(১) তপঃ—(ক) শারীরিক শুদ্ধির চেষ্টা—আহার নিদ্রা প্রভৃতির নিয়ম দ্বারা।

(খ) কাম, ক্রোধ, লোভ, হিংসা, মাৎসর্য্য, এই সকল ইন্দ্রিয়-বিকার বর্জ্জন করা—

(২) স্বাধ্যায়—সংশাস্ত্র—উপনিষৎ নিত্য পাঠ এবং নাম জপ—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) ঈশ্বরপ্রণিধান—তাঁহাকে সর্ব্বনিয়ন্তা জানিয়া তাঁহাতে সর্ব্বকর্ম্মার্পণ—কোন বিষয়ে নিজের মান অভিমান না লওয়া।

৬ই আষাঢ়

নিজ ধ্যান নিরূপণ

১।···মন্ত্র তোমার গুরুদত্ত প্রথম মন্ত্র, ইহা দ্বারা তোমাকে ব্রহ্ম হইতে অভিন্ন ধ্যান করা উচিত···মন্ত্র দ্বিতীয় —"বাসুদেবঃ সর্ব্বমিতি" ইত্যাদি বাক্যে জগৎ এবং তুমি ব্রহ্মস্বরূপ কীর্ত্তিত হইয়াছ; তাহারও বিষয় সুতরাং একই।

২। তত্ত্বপর্য্যালোচনায়ও জীব ব্রহ্মাংশ এবং জগৎও ব্রহ্মাংশ। ইহা শ্রুতি ও অপর শাস্ত্রের উপদেশ, ইহাই নিশ্চিত সত্য (সাধকের পক্ষে)।

৩। 'ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি' ইত্যাদি বাক্যে এবং শ্রুতিবাক্যে ঈশ্বরের জগন্নিয়ন্তৃত্বও সিদ্ধই আছে। ৪। ব্রহ্মের জগৎকারণত্বও সিদ্ধই আছে, ইহার নিমিত্ত এবং উপাদান উভয় কারণই তিনি।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মীমাংসা

সুতরাং যখন সমস্তই ব্রহ্ম এবং তোমার মন্ত্রোপদেশের সারও ইহাই, তখন তোমার ধ্যান এইরূপ হওয়া উচিত, যথা :—(১) স্বয়ং ব্রহ্ম, (২) অপর সকল জীবই ব্রহ্ম। সুতরাং যোগীশ্বর ও শৃগাল উভয়ই তুল্যরূপ ব্রহ্ম, সর্ব্বসমদর্শনই প্রধান ধ্যানাঙ্গ।

(৩) সমস্ত কার্য ব্রহ্মেরই কার্য, সুতরাং নিজের কর্ম্মে আত্মগ্লানি অথবা হর্ষ এবং অপরের কর্ম্মে নিন্দা বা প্রশংসা মূর্খতা ও অজ্ঞানতা মাত্র। ইহা সর্বথা বর্জ্জনীয়। শ্রীমদ্ভাগবত ১১।২৮।১-২ ইত্যাদি শ্লোকেও দেখিতেছি ইহাই বর্ণনা করিয়াছেন। অতএব সাবধান, পরনিন্দা ও দোষদর্শন বর্জ্জনীয়—বিশেষরূপে ইহা স্মরণ রাখিতে হইবে।

শ্রীমদ্ভাগবত ১১।১৯।৪৫ শ্লোক "গুণদোষ-দৃশির্দ্দোষো গুণস্তূভয়বর্জ্জিতঃ"।

১৪ই আষাঢ়

বিশেষ সাধন—"সাধুষপি চ পাপেষু সমবুদ্ধির্বিশিষ্যতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭ই আষাঢ়

দেখিও অহংকার না আসে এবং অপর দিকে হতাশাও না আসে—"সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে"।

৮ই শ্রাবণ

ঈশ্বরের আনন্দময়তা, সর্ব্বজ্ঞতা প্রভৃতি ধর্ম সর্ব্বদা উপাসনা কালে ধ্যেয় এবং আপনাকেও শুদ্ধ, নির্মল, ব্রহ্মরূপে তৎকালে অভিন্নভাবে চিন্তা করিবে—ইহাই বেদান্ত দর্শনেরও মীমাংসা—"আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি শ্রুতি স্মরণীয়।

১৬ই শ্রাবণ

"প্রকাশঞ্চ প্রবৃত্তিঞ্চ মোহমেব চ পাণ্ডব।
ন দ্বেষ্টি সংপ্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্ক্ষতি॥"
"ত্যাগী সত্ত্ব-সমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ"।

ছিন্নসংশয়ঃ—নিশ্চয়ই ব্রহ্ম একমাত্র কর্ত্তা, সংশয় কেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭শে পৌষ

প্রথম ব্রহ্মসাধন (বর্ত্তমানে)

১। তিনি হৃদাকাশের পরপারে নির্ম্মল দ্রষ্টারূপে অবস্থিত ; জগৎ আপনা হইতে প্রকাশিত করিতেছেন এবং আপনাতে লয় করিতেছেন। বর্ত্তমান জগৎ তাঁহারই প্রকাশ।

সংক্রান্তি

২য় সাধন

তিনি অন্তরে, তিনি বাহ্যে, তিনিই অন্তর, তিনিই বাহ্য, তিনি সর্ব্ব। যখন তিনিই সর্ব্বকর্ত্তা তখন কোন কার্য্য কি ভাবে চলিবে, কোন বস্তু কিরূপে থাকিবে, তাহার চিন্তা কি নিমিত্ত ?

"অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে, তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥" [গী ৯।২২]

গীতার উক্ত ধ্যান

"শনৈঃ শনৈরুপরমেদ্বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ৬।২৫

শ্রীমদ্ভাগবতে

হংসোক্ত উপদেশ (সনকাদিকে—ভাঃ ১১।১৩ অঃ) আমি দ্রষ্টা পরমাত্মা, দেহাদি দৃশ্যবর্গও ব্রহ্ম হইলেও দৃশ্যরূপে আমি আত্মা হইতে পৃথক; ইহাতে আমি বুদ্ধিই ভ্রম, গুরুসেবা ও তত্ত্বচিন্তা দ্বারা এই ভ্রম পরিত্যাগ কর।

বর্ত্তমান ত্রিবিধ সাধন

১। বাক্য সংযম—মৌন (বাগ্ দণ্ড)

২। কর্ম্ম—সেবাপূজা আশ্রম সেবা—ইহাই এক্ষণকার গুরুসেবা (কর্ম্ম দণ্ড)—

৩। মন—মনোদণ্ড—ভূমা আত্মস্বরূপে অবস্থিতির যত্ন, হৃৎপুণ্ডরীক কেন্দ্র,—ব্রহ্মাণ্ডের ঊর্দ্ধতম ব্রহ্মরন্ধ্রে এবং অধস্তন পর্য্যন্ত ব্যাপ্তির অনুভব আবশ্যক। স্বয়ং ব্রহ্ম, নিজ এবং অপর দেহাদি (দেহ, ইন্দ্রিয় ও চিত্ত) দৃশ্যরূপে ব্রহ্ম— ইহার পরিচালক ব্রহ্ম; ইহার সম্বন্ধে নিজের কিংবা পরের কোন কার্য দোষাবহ নহে—ব্রহ্মপ্রেরিত এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মেরই বিকাশ। সুতরাং "ন শোচতি না কাঙ্ক্ষতি" বাক্য সত্য, ইহার প্রতিপালন চেষ্টা। এইরূপে নিত্য সন্তোষ সাধনই এই মনোদণ্ড। ইহাতেই মনস্থির হইবে ("এষা ব্রাহ্মীস্থিতিঃ" ইত্যাদি) এবং অমননীয় বিষয় মনন করিবে না।

ছান্দোগ্য উপনিষদের ৭ম অঃ এর ১ম হইতে ২৭শ খণ্ডের বিষয়গুলি আলোচনা করিয়া তাহা হইতে সাধনোপযোগীরূপে এইরূপ সারমর্ম্ম অবধারণ করিয়াছেন :—

১। গুরুশুশ্রূষা, সেবা ও তদ্বাক্য পালন প্রথমে প্রয়োজন; তদ্দ্বারা সুখের আশা নিবৃত্তি হয়।

২। তাঁহার বাক্যে শ্রদ্ধা—সম্পূর্ণ সত্য বলিয়া ধারণা প্রয়োজন; আদেশ পালন করিতে করিতে শ্রদ্ধা জন্মে।

৩। ভূমাই সুখস্বরূপ, আনন্দস্বরূপ; তিনিই মহত্তম সর্ব্বময়, তদ্ব্যতীত কিছু নাই। ইনিই জীবের (সাধকের) আত্মা, তিনিই উপাস্য, জ্ঞাতব্য, ইহাই পরম সত্য।

এতদ্বিষয়ে দৃঢ় ধারণা চাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক। তাঁহার জ্ঞানেই সমস্ত জ্ঞাত হয়, সাধক আনন্দময় হয়েন এবং সম্পূর্ণ কামচারী হয়েন।

বরাহ দ্বাদশী

২১ মাঘ, ৩রা ফেব্রুয়ারী, শনিবার

দেখিতেছি এই দেহ যেরূপ সীমাবদ্ধ ভাবিতাম ইহা তদ্রূপ নহে, ইহার অসংখ্য স্তর আছে; প্রত্যেকটি স্তর এক একটি অনন্ত লোকের অঙ্গীভূত অংশ; ধ্যান সেই স্তরে পৌঁছিলে এই জীবদেহই অনন্ত ব্রহ্মাণ্ডরূপ দেহ হইয়া যায়—অতি সূক্ষ্ম অনন্ত আকাশময় সমগ্র ব্রহ্মাণ্ডব্যাপী দেহ হইয়া যায়। তাহাতে দ্রষ্টারূপে জীবাত্মা অন্তর্নিহিত; এই হৃৎপুণ্ডরীক অনন্ত ব্রহ্মাণ্ডরূপ দেহের হৃৎ-পুণ্ডরীক, ইহাতে জীবাত্মা প্রতিষ্ঠিত। বিদ্যুৎপ্রভাযুক্ত অতিসূক্ষ্ম জ্যোতিরূপে ইনি প্রথম প্রকাশিত হয়েন, তৎপর এই জ্যোতিও তাহাতে লীন হয়ে যায়। শাস্ত্রোপদেশে অনুমান করিতেছি এই জ্যোতির্লীন অবস্থায় জীবাত্মরূপে নিয়ত অবস্থিতি করিতে পারিলে পরমাত্মস্বরূপ প্রকাশিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে; আপাততঃ এই জীবাত্মা-অবস্থাই একপ্রকার সম্পূর্ণ নির্লিপ্ত অবস্থা বলিয়া বোধ করিতেছি।

গীতায় (ভগবান্) বলিয়াছেন—

"...নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।

নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্॥"

এই দেহই বিরাট বলিয়া অনুভব হইলে (এবং প্রত্যেক দেহই এইরূপ), ইহার (স্থূল দেহ, সূক্ষ্ম দেহ—ইন্দ্রিয় পঞ্চ-তন্মাত্র, অহঙ্কার এবং বুদ্ধির) সমস্ত কার্য্যই ইহার অধিনায়কের—ইহার নিয়ন্তার—জগন্নিয়ন্তার; জীবাত্মায় যিনি ইহাতে অনুপ্রবিষ্ট তিনি কেবল সাক্ষী স্বরূপ—দ্রষ্টা মাত্র। সুতরাং এই ধ্যানে অবস্থিত হইলেই নির্দ্বন্দ্ব নিত্যসত্ত্বস্থ আপাততঃ হওয়া যায় এবং যোগক্ষেম আপনা হইতেই রহিত হইয়া যায়। আত্মাবান্ও এই জীবাত্মস্বরূপে স্থিত হওয়া হইলেই এক প্রকার এক অর্থে হওয়া হইল। এই জীব উক্ত নিজস্বরূপে স্থিত হইয়া তাহার ও যে অনন্ত ব্রহ্মাণ্ডরূপ দেহে তিনি প্রবিষ্ট তাহার,

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূল কারণ মূল আশ্রয় পর ব্রহ্ম ধ্যানই এক্ষণকার পক্ষে অবলম্বনীয় বোধ করিতেছি। এই পন্থা "এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ"। ধন্য গুরুদেব! তোমার কৃপায় নিত্য নূতন পন্থা প্রকাশিত হইতেছে।—আহা! শ্রীভগবৎমূর্ত্তিতে অদ্য দেখিলাম এই সমস্ত অবস্থাই মূর্তিমান হইয়া প্রকাশিত রহিয়াছে।

ধন্য প্রিয়াজী! তুমিই এই তথ্য অদ্য প্রকাশ করিয়াছ—

ধন্য! ধন্য!! ধন্য!!!

২৬শে মাঘ

গতকল্য মাঘী পূর্ণিমা গিয়াছে। দেখিতেছি ইতিমধ্যে অবস্থা সকল ক্রমাগত আসিতেছে ও যাইতেছে, স্থায়ী হইতেছে না; সকলই তোমার হাত, যেরূপ রাখিতেছ তদ্রূপই থাকিতেছি, আর অসন্তোষ পোষণ করিতে ইচ্ছা করি না। "অসন্তুষ্টাঃ দ্বিজাঃ ভ্রষ্টাঃ"

"যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহা সর্ব্দা স্মর্ত্তব্য। আর লিখিয়া স্পষ্ট করিয়া দিলে বুঝে না ইহাতে ক্রোধের উদয়। তৎসম্বন্ধে স্মর্ত্তব্য—

"কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।

মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিনম্॥" আর বিশেষ রূপে স্মরণ রাখিবে—

"যদা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।

নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা॥"

দেখিতেছি লিখিয়া সময় সময় অভিপ্রায় প্রকাশ করা এইক্ষণকার অবস্থায় বন্ধ করিতে পারিব না। কারণ আশ্রমের ভার আমার উপরে সকলে দিয়াছেন ও গ্রহণ করিয়াছি; নিজে একেবারে চুপ করিলে কার্য্যের ক্ষতি হয়। এই অবস্থায় এইক্ষণ হইতে যতদূর সম্ভব কোন অভিপ্রায় প্রকাশ করিব না; একান্ত আবশ্যকীয় বিষয়েই করিব। ইহাতে অন্ততঃ সাধারণ আশ্রম সংক্রান্ত কার্য্যের চিন্তা দূর হইবে। নতুবা তাহারও পর্য্যালোচনা সময় সময় করিতে হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহেন্দ্রের ও দ্বারিকের দ্বারা সম্যক্ কার্য্য সঙ্কুলান হয় না। কি করিব ইহাও ভগবৎ ইচ্ছা।

হে মহারাজ! তুমি সহায় হও। নতুবা নিজের একেবারে কোন প্রকার সামর্থ্য দেখিতেছি না। হৃদয়-গ্রন্থি সময় মত ছিন্ন করিবে বলিয়াছিলে, এখনও কি তাহার সময় হয় নাই? আশাতেই এই পর্য্যন্ত রহিয়াছি।

ওঁ শান্তি।

২৮শে মাঘ

"অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃ ক্ষমী॥
সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিতমনোবুদ্ধির্যো মে ভক্তঃ স মে প্রিয়ঃ॥"
"মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে॥"

এইটিই তোমার সম্যক্ সাধন ইহাই প্রশস্ত পন্থা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪ঠা ফাল্গুন

"যথা সুদীপ্তাৎ পাবকাদ্বিস্ফুলিঙ্গাঃ
সহস্রশঃ প্রভবন্তে সরূপাঃ।
তথাক্ষরাৎ বিবিধাঃ সৌম্য ভাবাঃ
প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তি।" [মু উ ২।১।১]

বুদ্ধি হইতে ক্ষিতি পর্য্যন্ত এইরূপ প্রকাশিত। বুদ্ধির পর তিনি—"এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা"·· ইত্যাদি গীতা বাক্য স্মর্ত্তব্য।

"পুরুষ এবেদং বিশ্বং কর্ম্ম
তপো ব্রহ্ম পরামৃতম্।
এতদ্ যো বেদ নিহিতং গুহায়াং
সোঽবিদ্যাগ্রন্থিং বিকিরতীহ সৌম্য॥"—
[মু উঃ ২।১—১০]

৬ই ফাল্গুন

"ধনুর্গৃহীত্বৌপনিষদং মহাস্ত্রং
শরং যুপাসা নিশিতং সন্ধয়ীত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংক্ষেপে নিত্য-পূজা পদ্ধতি

মন্দিরে প্রবেশ পূর্বক নিম্নলিখিত মন্ত্রে ঠাকুরজীকে জাগাইতে হইবে—

ওঁ উত্তিষ্ঠ উত্তিষ্ঠ গোবিন্দ উত্তিষ্ঠ গরুড়ধ্বজ
উত্তিষ্ঠ কমলাকান্ত ত্রৈলোক্যমঙ্গলং কুরু।

সকল পূজার পূর্বে গুরু পূজা কর্তব্য। ভগবান স্বয়ংই বলিয়াছেন— (১৩২)

প্রথমং তু গুরুঃ পূজ্য-স্ততশ্চৈব মমার্চ্চনম্।
কুর্বন্ সিদ্ধিমবাপ্নোতি হ্যন্যথা নিষ্ফলং ভবেৎ॥
নাহমিজ্যা-প্রজাতিভ্যাং তপসোপশমেন চ।
তুষ্যেয়ং সর্ব্ব ভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা॥

সর্বাগ্রে গুরুপূজা, তৎপর আমার অর্চনা করিলে সিদ্ধি লাভ হয়, অন্যথা আমার পূজা নিষ্ফল।

সর্ব্বভূতাত্মা আমি গুরু-শুশ্রূষা দ্বারা যেরূপ তুষ্ট হই, যাগ যজ্ঞ, পুত্র উৎপাদন বা বিষয় বৈরাগ্য দ্বারা তদ্রূপ তুষ্ট হই না।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী, পুষ্প, চন্দন ও অর্ঘ্য পাত্র (জল-শঙ্খ) ইষ্ট মন্ত্রের দ্বারা শোধন করিয়া লও। তৎপর নিম্নলিখিত মন্ত্রের দ্বারা ইষ্টদেবকে স্নান করাও—

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং বিশ্বতো বৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥

তাম্রকুণ্ডে চন্দন দ্বারা অষ্টদল পদ্ম অঙ্কিত করিয়া ইষ্ট মূর্ত্তিকে মনসা সেখানে স্থাপন করতঃ শঙ্খ-জল দ্বারা স্নান করাইতে হয়। তৎপর গামছা দ্বারা তাঁহাকে মোছাইতে হইবে।

সর্ব প্রথমে গুরুপূজা। মন্ত্র—ইদং সচন্দনং তুলসী-পত্রং ওঁ ঐং শ্রীগুরবে নমঃ। অথবা এতদ্ সচন্দনং পুষ্পং ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।

তৎপর ইষ্টপূজা। একমাত্র ইষ্ট মন্ত্রের দ্বারাই পূজা হইতে পারে অথবা নিম্নলিখিত মন্ত্রে—

এতদ্ সচন্দনং তুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা। এতদ্ সচন্দনং পুষ্পং ওঁ নমস্তে বহুরূপায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষ্ণবে পরমাত্মনে স্বাহা। এইরূপে পূজা করিয়া ভোগ দাও। ভোজ্য দ্রব্যের উপর ১০৮ বার ইষ্ট মন্ত্র জপ কর। তৎপর তুলসীর দ্বারা ইষ্ট মন্ত্রে সেই ভোজ্য দ্রব্য পূজা কর। মনে মনে ইষ্টদেব ভোগ গ্রহণ করিতেছেন এইরূপ কল্পনা করিয়া "ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্ম হবি র্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা-হুতং। ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্ম-সমাধিনা।" এই মন্ত্র দ্বারা ভোগ নিবেদন কর। ভোজ্য দ্রব্যের সহিত এক গ্লাস পানীয় জল অবশ্য দিতে হইবে।

ঘণ্টা বাদন পূর্বক বাহিরে আসিয়া দরজা বন্ধ করতঃ ১০৮ বার ইষ্টমন্ত্র জপ কর। জপান্তে মন্দিরে প্রবেশ পূর্বক শঙ্খ-জল দ্বারা নিম্নলিখিত মন্ত্র উচ্চারণ পূর্বক আচমনীয় প্রদান কর—ইদং আচমনীয়ং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা। পূজা সাঙ্গতার্থ ক্ষমা প্রার্থনা—

আবাহনং ন জানামি নৈব জানামি পূজনম্।
বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন্ত্রহীনং ন ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বর।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে॥
যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনং চ যদ্ভবেৎ।
তৎ সর্ব্বং ক্ষম্যতাং দেব প্রসীদ পরমেশ্বর॥

সম্ভব হইলে আরতি করিবে। শুধু ধূপের দ্বারাও আরতি হইতে পারে। আরতি করিবার সময় ইষ্ট মন্ত্র জপ কর। বিশেষ লক্ষিতব্য—স্নানের দ্বারা পবিত্র হইতে হয়, অসুস্থ অবস্থায় মন্ত্র স্নানেরও ব্যবস্থা আছে। যথা—

ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥

পূজোপচার বহুবিধ—পঞ্চ, দশ, ষোড়শ ও অষ্টাদশ। নিত্য পূজা পঞ্চোপচারে করিলেই চলিবে।

উপচার—

গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য এই পঞ্চ বিধ দ্রব্যকে পঞ্চোপচার বলে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজার মূল কথা হইল আত্ম-সমর্পণ। ফল, ফুল, জল, নৈবেদ্য যাহা কিছু ভগবানকে দেওয়া তৎসঙ্গে নিজেকে সমর্পণই যথার্থ পূজা। আত্ম-সমর্পণ অর্থ—অহং কর্ত্তৃত্বের বিলুপ্তিতে ভগবৎকর্ত্তৃত্ব স্থাপন। নিজেকে ভগবানের হস্তের যন্ত্র বলিয়া বোধ করিতে হইবে। তিনি যন্ত্রী আমি যন্ত্র। যেমন চালান তেমনি চলি। যোগ যাগ, তপস্যা, পূজা-অর্চ্চনা এই বোধে প্রতিষ্ঠিত হইলেই সার্থক হয়।

———

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শেষ রাত্রে ৪।৫ দণ্ড রাত্রি থাকিতে শয্যা ত্যাগ বিধেয়। বিছানাতে বসিয়াই শ্রীগুরু স্মরণ, মস্তকোপরি তাঁহার ধ্যান। তৎপর দণ্ডবৎ প্রণাম-এবং মস্তকে সহস্রদল পদ্মোপরি ইষ্টমূর্তির ধ্যান। ভগবানের বিশ্বময় সর্ব্বরূপী এবং তদতীত আনন্দ ভাব ধারণা করিয়া সর্ব্বভূতকে তাঁহার মূর্ত্তি বলিয়া চিন্তা করিতে হইবে।

প্রাতঃকৃত্যের পর দ্বাদশ অঙ্গে তিলক ধারণ। কম্বল আসনে বসিয়া ভ্রূদ্বয়ের মাঝে মনকে স্থির কর। ব্রহ্মরন্ধ্রের উপরিভাগে জ্যোতির্ম্মণ্ডল মধ্যবর্তী দণ্ডায়মান গুরুমূর্তি (তুমি যে দিকে মুখ করিয়া আছ শ্রীগুরুও সেই দিকে মুখ করিয়া আছেন এইভাবে) কিছুক্ষণ ধ্যান কর। পরে মনে মনে দণ্ডবৎ প্রণতি করিয়া ইষ্টমূর্ত্তি (রাধাকৃষ্ণের মূর্ত্তি) ধ্যান করিবে। তাঁহারা তোমার দিকে মুখ করিয়া আছেন, আজ তাঁহাদের চরণ তোমার ভ্রূদ্বয়ের মধ্যস্থানে স্থিত আছে এই ভাবে চিন্তা কর। বাম চক্ষুর সামনে শ্রীকৃষ্ণ-মূর্তি এবং ডান চক্ষুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সামনে শ্রীরাধা-মূর্তি ধ্যান করিবে। তাঁহারা প্রসন্নবদন—আমাকে দর্শনা করিছেতেন। প্রার্থনা—"প্রভো! দাস (দাসী) আমি আমাকে চরণে স্থান দাও।"

তৎপর মালা ডান হাতে বুকের কাছে ধরিয়া জপ করিবে। ভ্রূদ্বয়ের মাঝে মন স্থির করিয়া সেই স্থানে মন্ত্র উচ্চারণ কর। মনে মনে জপই প্রশস্ত।

মন্ত্রের ধ্বনিটি সুস্পষ্ট কানে শোনা চাই। মালার বড় গুটির দিক হইতে জপ আরম্ভ কর। মালায় তর্জ্জনী ও কনিষ্ঠা অঙ্গুলি স্পর্শ করিতে নাই। অঙ্গুষ্ঠ মধ্যমা ও অনামিকার দ্বারা গুটি ধরিয়া জপ করিবে। সাক্ষী ডিঙ্গাইয়া যাইবে না। একবার শেষ হইলে মালা ঘুরাইয়া পুনরায় ছোট গুটির দিক হইতে আরম্ভ করিয়া জপ করিবে। অন্ততঃ দেড় ঘণ্টা জপ করিতে পারিলে ভাল। জপান্তে পুনরায় পূর্ববৎ ধ্যান। সকাল সন্ধ্যা দুইবার আসনে বসিয়া এইরূপ জপ করিবে। কম্বল

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসন প্রশস্ত। অন্য সময়—মনে মনে সব সময় জপ কর—যত অধিক সময় জপ করিবে ততই ভাল।

সেবা বুদ্ধিতে দৈনিক কর্ত্তব্য কার্য করিবে। ঘটে ঘটে তিনিই বিরাজমান। অতএব সকলের সেবা তাঁহারই সেবা এই বোধে সব কাজ করিতে হইবে। তাহা হইলে সহজেই তিনি প্রসন্ন হইবেন।

শ্রী১০৮ সন্তদাস বাবাজীমহারাজের সঙ্গে প্রশ্নোত্তর

প্রশ্ন :—আমরা কি উপায়ে ভগবানকে লাভ করিয়া মুক্ত হইতে পারি? কেবল কর্ম্মদ্বারা তাঁহাকে লাভ করা যায় কি না?

উত্তর :—ভগবান্ নিজ কৃপাবলে যাঁহার নিকট আত্মস্বরূপ প্রকাশ করেন, তিনি তাঁহাকে জানিতে পারেন। শ্রুতি বলিয়াছেন—"তেনৈব লভ্যো যমেবৈষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৃণুতে তনুং স্বাং"। তাঁহার দর্শনলাভ সাক্ষাৎ সম্বন্ধে কোন কর্ম্মের ফল নহে। নিষ্কাম কর্ম্মের দ্বারা চিত্তের শুদ্ধি জন্মায় ; অর্থাৎ তখন রজঃ ও তমোগুণ চিত্তের পরিচালক হয় না, সত্ত্বগুণই চিত্তকে সম্পূর্ণরূপে অধিকার করে। চিত্তের এইরূপ সম্পূর্ণ শুদ্ধাবস্থা হইলে তাহার লক্ষণ এই হয় যে, সাধক অহঙ্কারশূন্য হইয়া সর্বত্র সমদর্শী হয়েন এবং চিত্ত স্বয়ং প্রসন্নভাব ধারণ করিয়া সর্বপ্রকার ইন্দ্রিয়-ভোগ্য বিষয়ের প্রতি আসক্তিশূন্য হয়। এই অবস্থা হইলে স্বভাবতঃ ভগবানের প্রতি সাধকের ঐকান্তিক অনুরাগ উপজাত হয়। ইহাকে পরাভক্তি বলে। এইরূপ পরা-ভক্তিযুক্ত সাধকের নিকট ভগবান্ কৃপাপরবশ হইয়া আত্মস্বরূপ প্রকাশ করেন। তিনি তখন সম্যক্ ভগবৎ-স্বরূপ অবগত হইয়া অন্তিমে তাঁহাতে প্রবিষ্ট হয়েন ইহাই পরম মোক্ষ। এই ঐকান্তিক মোক্ষলাভ দেহান্তেই হয়। এই মোক্ষলাভ হইলে সর্ব্বপ্রকার দুঃখ দূর হয় এবং আনন্দ অক্ষুণ্ণ থাকে।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বে বলিয়াছি নিষ্কাম কর্ম্মের দ্বারা চিত্তের শুদ্ধি জন্মে। আমাদিগের (বৈষ্ণবদিগের) সম্বন্ধে ভগবৎ উপাসনা ও সেবারূপ কর্ম্মই সেই নিষ্কামকর্ম্ম। সাধক নিজের কোন ইন্দ্রিয়ের তৃপ্তিকামনা করিয়া যখন কর্ম্ম করেন না, কেবল ভগবৎসেবা ও উপাসনার্থে কর্ম্ম করিয়া থাকেন—ভগবৎপ্রীতি উৎপাদন করাই যখন তাঁহার এক মাত্র লক্ষ্য থাকে, তখনই তাঁহার কর্ম্মকে নিষ্কাম কর্ম্ম বলা যায়।

ভাগবান্ নিম্নলিখিতরূপে সাধারণতঃ বৈষ্ণবদিগের উপাসনার বিষয় হয়েন, যথা :—

১। চিদানন্দময়, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্ ঈশ্বররূপ। ইহা নিরাকার, আমরা আকার বলিতে যাহা কিছু বুঝি ভগবানের এই রূপ তৎসমস্তের অতীত হইলেও ইহাতে সর্ব্বজ্ঞত্ব এবং সর্ব্বশক্তিমত্তা আছে। তাঁহার কেবল অক্ষর, চিদানন্দময়, নিরাকার, ঈশ্বরত্ববিহীন রূপ সচরাচর বৈষ্ণবগণের উপাসনার নিমিত্ত ধ্যেয় নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। এই অনন্ত স্থূল ও সূক্ষ্ম চতুর্ব্বিংশতি তত্ত্বাত্মক বিশ্বরূপ দেহাধিষ্ঠিত আদিপুরুষ, যিনি হিরণ্যগর্ভনামে শ্রুতিতে আখ্যাত হইয়াছেন, এবং যাঁহার বিভিন্ন অবয়ব-সকল বিভিন্ন লোক রূপে কল্পিত হয়।

৩। লোক—সকলের মধ্যে উর্দ্ধতম গোলোক-বৈকুণ্ঠাধিপতি শ্রীকৃষ্ণরূপ।

৪। ঐ শ্রীকৃষ্ণের অবতার সকল।

৫। মুক্তপুরুষ সকল।

সর্ব্বপ্রকার বিষয় সঙ্গ বর্জ্জিত সাধক—যাঁহার মন সর্বপ্রকারে বশীভূত ও একাগ্র হইয়াছে তিনিই নিজের প্রকৃতি এবং গুরু-প্রদত্ত উপদেশানুসারে ইহার অন্যতমরূপে চিত্তকে নিবিষ্ট করিয়া সমাধিরূপ কর্ম্ম অবলম্বন করিবেন। (তবে পূর্ব্বোক্ত পঞ্চবিধ রূপের মধ্যে প্রথম উক্ত নিরাকার রূপ সাধারণতঃ ধারণার বিষয় হয় না। অতএব সাধারণতঃ বৈষ্ণবগণ প্রথমতঃ সেই রূপটীকে উপাসনার নিমিত্ত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবলম্বন করিতে যত্ন করিবেন না।) সমাধিই যোগের শেষ অবস্থা। তদ্দ্বারা সাধকের চিত্ত হইতে বিষয়-চিন্তা একেবারে দূরীভূত হইয়া চিত্ত অহঙ্কারশূন্য হয় ও আকাশের ন্যায় ব্যাপ্তি অবলম্বন করে; সাধক সমস্ত ভূগ্রামকে তখন আপনারই মধ্যে দর্শন করিতে থাকেন; সুতরাং ক্রমশঃ সর্ব্বত্র সমদর্শী হন এবং অবশেষে ক্রমশঃ স্বভাবতঃ পূর্ব্ববর্ণিত পরাভক্তি লাভ করেন।

যাঁহাদের মন পূর্ব্বোক্ত প্রকারে সম্যক্ একাগ্র হয় নাই, তাঁহারাও বিষয় বৈরাগ্যযুক্ত হইলে অল্পে অল্পে ভগবৎ ধ্যান অবলম্বন করিয়া ধ্যানের মাত্রা ক্রমশঃ বর্দ্ধিত করিতে অভ্যাসশীল হইবেন। অভ্যাস করিতে করিতে যখন চিত্ত সম্পূর্ণ একাগ্র হইবে, মনের বহির্ম্মুখী বৃত্তিসকল রুদ্ধ হইয়া মন শান্তভাব অবলম্বন করিবে, তখন তাঁহারাও ক্রমশঃ পূর্ব্বোক্ত সমাধির অবস্থা লাভ করিতে পারিবেন।

যাঁহাদের মন কোন প্রকারে বশীভূত নহে, যাঁহারা অল্পকালের জন্যও মনকে সম্যক্ বিষয় হইতে আকর্ষণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া ভগবৎ মূর্ত্তিতে স্থির করিতে পারেন না, তাঁহাদের পক্ষে ভগবৎ সেবারূপ উপাসনা-ধর্ম্মাবলম্বনই বিধেয়। পরন্তু বশীকৃতমন, একাগ্রচিত্ত পুরুষের মধ্যে অনেকে সমাধির পন্থা অবলম্বন না করিয়া ভগবৎ সেবার পন্থাই অবলম্বন করিয়া থাকেন। উভয় শ্রেণীর ভগবৎসেবকগণই কেবল ভগবৎসেবার নিমিত্ত সমস্ত কর্ম্ম করিয়া থাকেন। নিজের দেহকে যে আহার্য্য দিয়া পুষ্ট রাখা তাহাও ভগবৎসেবার নিমিত্তই তাঁহারা করিয়া থাকেন। স্থূল দেহ ভগবৎসেবার মুখ্য অবলম্বন। অতএব ইহাকে কর্ম্মঠ রাখাও ভগবৎসেবার মধ্যেই তাঁহারা গণ্য করেন।

যেরূপ কর্ম্ম অবলম্বন করিয়া বৈষ্ণবগণ এই ভগবৎসেবায় নিযুক্ত হইবেন, তাহা শ্রীমদ্ ভাগবতগ্রন্থের একাদশ স্কন্ধের উনবিংশ অধ্যায়ে উদ্ধব-শ্রীকৃষ্ণ-সংবাদে উদ্ধবের প্রতি ভগবৎ উক্তি প্রসঙ্গে নিম্নলিখিতরূপ বর্ণিত হইয়াছে :—

ভক্তিযোগঃ পুরৈবোক্তঃ প্রীয়মাণায় তেহনঘ।
পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরম্ ॥ ১৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনং।
পরিনিষ্ঠা চ পূজায়াং স্তুতিভিঃ স্তবনং মম॥
আদরঃ পরিচর্যায়াং সর্ব্বাঙ্গৈরভিবন্দনং।
মদ্ভক্তপূজাভ্যধিকা সর্ব্বভূতেষু মন্মতিঃ॥ ১৯
মদর্থেষ্বঙ্গচেষ্টা চ বচসা মদ্গুণেরণং।
ময্যর্পণঞ্চ মনসঃ সর্ব্বকামবিবর্জ্জনং॥ ২০
মদর্থেঽর্থপরিত্যাগো ভোগস্য চ সুখস্য চ।
ইষ্টং দত্তং হুতং জপ্তং মদর্থং মদ্ব্রতং তপঃ॥ ২১
এবং ধর্ম্মৈর্মনুষ্যাণামুদ্ধবাত্মনিবেদিনাং।
ময়ি সংজায়তে ভক্তিঃ কোঽন্যোঽর্থোঽস্যাবশিষ্যতে॥ ২২

অস্যার্থঃ—হে পবিত্রহৃদয় উদ্ধব! ভক্তিযোগের বিষয় আমি পূর্ব্বেই তোমার নিকট বর্ণন করিয়াছি। পরন্তু তোমার প্রীতির নিমিত্ত ভগবদ্ভক্তির শ্রেষ্ঠ কারণসকল পুনরায় বর্ণন করিতেছি। ১৮।

আমার অমৃতোপম কথা শ্রবণে শ্রদ্ধা, সর্ব্বদা আমার গুণকীর্ত্তন, আমার পূজায় সম্যক্‌নিষ্ঠা, নানাবিধ স্তুতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বারা আমার স্তব করা, আমার পরিচর্য্যায় আদর, সর্ব্বাঙ্গের সহিত আমাকে নমস্কার এবং আমার ও আমার ভক্তের পূজা হইতেও শ্রেষ্ঠ সর্ব্বভূতে আমার সত্ত্বা দর্শন।" ১৯।

আমার সেবার জন্যই সমস্ত দৈহিক কার্য্য সম্পাদন, বাক্য দ্বারা আমারই গুণ বর্ণন, আমাতেই মনের সমাধান, অপর সর্ব্ববিধ কামনা বর্জ্জন। ২০।

আমার নিমিত্ত অর্থ, ভোগ ও সুখের পরিত্যাগ, আমার জন্য যাগ, দান, হোম, জপ ও তপশ্চরণ। ২১।

হে উদ্ধব! আমাতে আত্মনিবেদনপূর্ব্বক যে সকল মনুষ্য এই সকল ধর্ম্ম আচরণ করেন, তাঁহাদিগের আমাতে ভক্তি সঞ্জাত হয়। তখন তাঁহাদিগের অন্য আর কিছু প্রাপ্তব্য থাকে না। ২২।

এইরূপ সেবা করিতে যখন ভগবৎ সেবাতে মতি দৃঢ় হয়, তখন সাধকের বিষয়-বাসনা একেবারে তিরোহিত হইয়া যায়, সুতরাং ভগবৎ চিন্তায়ই মন আকৃষ্ট হয়,—

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্যদিকে আর ধাবিত হয় না। ভগবৎনাম জপ এবং ধ্যান ভগবৎপূজার অঙ্গীভূতরূপে সকলকেই কিছু কিছু করিতে হয়। অতএব এই অবস্থা উপস্থিত হইলে সাধকদিগের মধ্যে অনেকে ধ্যান বিষয়ে অধিকতর অনুরক্ত হইয়া পূর্ব্বোক্ত সমাধিরূপ উপাসনায় প্রবৃত্ত হয়েন, অন্যবিধ সেবাকর্ম্ম তাঁহাদের তখন পরিত্যক্ত হইয়া যায়। অনেকে বা সেবাকর্ম্ম করিতে করিতেই ভগবৎ-স্বরূপ চিন্তনে এমন অনুরক্ত থাকিতে পারেন, যে ভগবৎ কৃপায় তাঁহাদের হৃদয়ের গ্রন্থিসকল আপনা হইতে খুলিয়া যায় এবং তাঁহারা নিরহঙ্কারী সমদর্শী হইয়া ক্রমশঃ একেবারে পরাভক্তি লাভ করেন।

SHREE ... SANGHA ...

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

9/261

আশ্রম, বারাণসী

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara